# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
## ২২ তম বার্ষিক সাধারণ সভার (এজিএম-২০২৫) কার্যবিবরণী
## তারিখ ঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৬ (শনিবার), সময় ঃ সকাল ১০৩০ ঘটিকা
## স্থান ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার, লেভেল-৫

**সাধারণ**

১। **উপস্থিতি ঃ** ১৮৫ জন সদস্য সভায় উপস্থিত ছিলেন (তালিকা সংযুক্ত)।

২। ঘোষিত কর্মসূচি অনুযায়ী বারিধারা ডিওএইচএস পরিষদের ২২তম বার্ষিক সাধারণ সভা (এজিএম)-২০২৫ সকাল ১০৩০ ঘটিকায় শুরু হওয়ার কথা ছিল। কোরাম পূরণ করতে কমপক্ষে ১৪০ জন সদস্যের উপস্থিতি প্রয়োজন। নির্ধারিত সময়ে কোরাম পূরণ না হওয়ায় সংবিধানের অনুচ্ছেদ ৫২(৫) এর আলোকে পরিষদের সেক্রেটারী সম্মানিত সদস্যদের ৩০ মিনিট অপেক্ষা/আসন গ্রহণ করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে পরিষদ সেক্রেটারী ১১০০ ঘটিকায় উপস্থিত ১৮৫ জন সম্মানিত সদস্যের সম্মতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এছাড়াও ১২০০ ঘটিকার সময় সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ১ জন প্রতিনিধি উপস্থিত হন।

সম্মানিত সদস্যগন সর্ব-সম্মতিক্রমে বার্ষিক সাধারণ সভা (এজিএম) শুরু করার অনুমতি প্রদান করায় পরিষদ সেক্রেটারী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত), প্রেসিডেন্ট, বারিধারা ডিওএইচএস পরিষদ সভায় সভাপতিত্ব করেন।

৪। **সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এর সূচনা বক্তব্য।** সভার শুরুতেই সেক্রেটারী, পরিষদ কার্য নির্বাহী কমিটির সকল সদস্যদের পক্ষ থেকে ২২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভায় উপস্থিত সকল সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেক্রেটারী অবহিত করেন যে, আনুষ্ঠানিক এই সভায় কেবলমাত্র প্লট এবং ফ্ল্যাট মালিকগণই উপস্থিত থেকে সরাসরি আলোচনায় অংশগ্রহণ করে থাকেন। সকল সম্মানিত সদস্যদের একে অপরের সাথে দেখা করার এবং আমাদের জীবনকে আরও উন্নত ও আরামদায়ক করার জন্য আপনাদের সাথে মত বিনিময় করার এটি একটি সুযোগ। ইনশাআল্লাহ, আমরা আপনাদের কর্তৃক প্রেরিত সমস্ত বিষয় বিস্তারিতভাবে আলোচনা করার চেষ্টা করব যাতে আমরা সকলেই আপনাদের মূল্যবান মন্তব্য, পরামর্শ থেকে উপকৃত হতে পারবো।

সেক্রেটারী, সম্মানিত সদস্যবৃন্দকে অবহিত করেন যে, পরিষদের সংবিধানের ধারা-১৮ (২) মোতাবেক সম্মানিত রেগুলার মেম্বার হতে ২ জন সদস্য একজিকিউটিভ কমিটিতে সংযোজন করার বিধান রয়েছে। উক্ত বিধানের আলোকে কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) কে একজিকিউটিভ কমিটিতে সদস্য হিসাবে সংযোজন করার জন্য পরিষদ কর্তৃক প্রস্তাব করা হয় যা পরবর্তীতে সেনাসদর কর্তৃক অনুমোদন দেয়া হয়। এরপর সেক্রেটারী উপস্থিত **General Body** এর সম্মতিক্রমে কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) কে স্টেজে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং তিনি আসন গ্রহণ করেন।

**আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**

৫। সভার শুরুতে সেক্রেটারী মহোদয়ের অনুরোধক্রমে বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ভারপ্রাপ্ত ইমাম হাফেজ ক্বারী মাওলানা মুফতি মাহমুদুল হাসান মাহদী পবিত্র কোরআন থেকে অনুবাদসহ কয়েকটি আয়াত তেলওয়াত ও তরজমা করবেন। অত:পর তিনি ডিওএইচএস পরিষদ ইসি সদস্য, ডিওএইচএস এর সম্মানিত সদস্য ও বাসিন্দাগনের জন্য এবং যারা চিরবিদায় নিয়েছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট দোয়া ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

**আলোচ্যসূচি- ০২ ঃ মৃত্যুবরণকারীদের প্রতি শ্রদ্ধা নিবেদন**

৬। সেক্রেটারী উপস্থিত সুধীবৃন্দের অবগতির জন্য, গত ০৩ মার্চ ২০২৫ হতে অদ্যাবধি আমাদের মধ্য থেকে যে সকল ভালোবাসার মানুষ, বন্ধু ও সহকর্মীগণ আমাদেরকে ছেড়ে অনন্তকালের জন্য চলে গেছেন এবং পার্থিব জীবনের অবসান ঘটিয়ে তাদের চিরন্তন যাত্রা শুরু করেছেন, তাঁদের নামীয় তালিকা পর্দায় প্রদর্শন করেন।

এরপর তিনি এইসব বিদেহী আত্মার মাগফেরাত কামনায় শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে উপস্থিত সকল সম্মানিত সদস্যদের দাড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করার অনুরোধ করেন এবং সে মোতাবেক তা সম্মানের সাথে পালন করা হয়। মত্যুবরণকারী ২৫ জনের নামীয় তালিকা নিম্নরূপ ঃ

| ক্র: নং | মৃত ব্যক্তির নাম | মৃত্যুর তারিখ | বাড়ী নম্বর | রোড নম্বর |
|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল মোহাম্মদ আব্দুল হালিম | ০৬-০৩-২০২৫ | ১৭২ | ইস্টার্ণ রোড |
| ২। | মেজর বদরুদ্দিন আহমেদ | ০৭-০৩-২০২৫ | ১৫৪ | ০১ |
| ৩। | রওশন আনোয়ার<br>স্বামীঃ মরহুম লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন খান | ০৩-০৫-২০২৫ | ৪০৪ | ০৬ |
| ৪। | অধ্যাপক ডাঃ মোঃ নূরুল আমিন | ০৫-০৫-২০২৫ | ৩৮০ | ০৬ |
| ৫। | লেঃ কর্ণেল মোঃ মোস্তফা কামাল | ২২-০৫-২০২৫ | ১৯৮ | ০২ |
| ৬। | প্রফেসর ড. শামসুন নাহার<br>স্বামী ঃ লেঃ কর্ণেল মোঃ তৈয়বুর রহমান | ০২-০৭-২০২৫ | ৩৬০ | ০৫ |
| ৭। | খাতুন ই জান্নাত বেগম অঞ্জলী হেনা<br>স্বামী ঃ মেজর জেনাঃ আ ল ম ফজলুর রহমান | ০৮-০৭-২০২৫ | ২৪৮ | ০৩ |
| ৮। | আয়শা আক্তার<br>স্বামী ঃ মরহুম গ্রুপ ক্যাপ্টেন মোঃ শিহাব উদ্দিন ভূঁইয়া | ০১-০৮-২০২৫ | ৫১৬ | ১০ |
| ৯। | বীর মুক্তিযোদ্ধা জেডএইচএম ফারুক | ০৮-০৮-২০২৫ | ৩২৫ | ০৫ |
| ১০। | ইমতাজ পারভীন ইসলাম<br>স্বামী ঃ মেজর মোঃ ইসমাইল ভূঁইয়া | ০৯-০৮-২০২৫ | ২৬৩ | ০৩ |
| ১১। | সেলিনা আহমেদ<br>স্বামী ঃ সবের উদ্দিন আহমেদ | ১৮-০৮-২০২৫ | ২১১ | ০২ |
| ১২। | ফজিলাতুন নেছা<br>স্বামী ঃ মরহুম মেজর আ ক ম নুরুল আলম | ৩১-০৮-২০২৫ | ৪২৬ | ০৭ |
| ১৩। | বীর মুক্তিযোদ্ধা লেঃ কর্ণেল এম এ মালেক ভূঁইয়া | ২৪-০৯-২০২৫ | ৩৩৭ | ০৫ |
| ১৪। | ভাইস এডমিরাল সরোয়ার জাহান নিজাম | ০৯-১০-২০২৫ | ৪৭৫ | ০৮ |
| ১৫। | এয়ার কমডোর এম মঞ্জুর আলম | ১১-১০-২০২৫ | ৪৫৪ | ০৮ |
| ১৬। | মুনিরা নিজাম<br>স্বামী ঃ মরহুম ভাইস এডমিরাল সরোয়ার জাহান নিজাম | ২০-১০-২০২৫ | ৪৭৫ | ০৮ |
| ১৭। | অধ্যাপক ড. মকবুল হোসেন | ১১-১২-২০২৫ | ১৪২ | ০১ |
| ১৮। | আবুল বাশার চৌধুরী | ২৯-১২-২০২৫ | ১৭৪/এ | ০২ |
| ১৯। | রোখসানা হক রীতা<br>স্বামীঃ মরহুম ইঞ্জি: মোজাম্মেল হক | ০১-০১-২০২৬ | ২০৫ | ০২ |
| ২০। | সুফিয়া ইসলাম<br>স্বামী ঃ লেঃ কর্ণেল এএইচএম রুহুল ইসলাম | ১৩-০১-২০২৬ | ৩৪৯ | ০৫ |
| ২১। | মোঃ আব্দুস সালাম মিয়া | ১৯-০১-২০২৬ | ৫৪১/১ | ১২ |

| ক্র: নং | মৃত ব্যক্তির নাম | মৃত্যুর তারিখ | বাড়ী নম্বর | রোড নম্বর |
|---|---|---|---|---|
| ২২। | রেহেনা বেগম<br>স্বামীঃ মরহুম লেঃ কমান্ডার দেলোয়ার হোসেন | ২৬-০১-২০২৬ | ৫৪২ | ১২ |
| ২৩। | মেজর জেনারেল এ এম মনসুর আহমেদ | ২৭-০১-২০২৬ | ১৭৪ | ০১ |
| ২৪। | মমতাজ বেগম<br>কর্ণেল মোঃ শহিদুল হক এর শাশুড়ী | ২৯-০১-২০২৬ | ৪৪৯/২ | ০৮ |
| ২৫। | নির্মলা দাস<br>মেজর জেনাঃ জীবন কানাই দাস এর মাতা | ২৯-০১-২০২৬ | ২৫০ | ০৩ |

৭। এ পর্যায়ে সেক্রেটারী বারিধারা ডিওএইচএস এর নির্বাহী পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) কে তাঁর উদ্বোধনী ভাষণ প্রদানের অনুরোধ করলে প্রেসিডেন্ট নিম্নোক্ত ভাষন প্রদান করেন।

<u>আলোচ্যসূচি - ০৩ : সভাপতি কর্তৃক স্বাগত ভাষণ</u>

Bismillah hir Rahmanir Rahim,

1. Honuourble Members of the Executive Committee, respected Ladies and Gentlemen present in the meeting, Assalamu Alaikum and a very good morning. On behalf of all Members of the Executive Committee and on my own behalf, I welcome you very warmly and cordially in today's long awaited Annual General Meeting (AGM) -2025 with a great hope of dispensing all points received from the honourable Members. And also to apprise you about our activities of last 5 months as a mark of our sincere endeavor to take our beloved DOHS forward and also to remain respectful to your kind trust which you have bestowed on us.

2. At the very beginning and above everything, I express my deep condolence to all the families who have lost their loved ones in the past and after last AGM which was held on 22 February 2025. May Allah rest their souls in an eternal peace and put them in the highest abode in Jannah. We express our deep gratitude to you for vesting your confidence on us for giving better service and I also convey my thanks to all the Team Members for doing their best sparing their valuable time. I also thank Porishod staffs and all employees for working sincerely, honestly and with their utmost dedication. However, some lapses are here and there always which will be taken well care of in future.

3. We have accorded **'top priority'** in the aspect of Security of the residents. External and internal security of the house can be ensured by the house guards/caretakers and by employing reliable domestic aids, installing cc cameras and fixing lights at the rear of the house. We have recruited more 18 more security guards and 4 Supervisors for manning all the posts effectively. 14 new wireless sets have been procured for better communications. 3 patrols are now available round the clock on motorbikes, equipped with mobile and walkie tolkie sets and can reach you within a minute or so, if they are called for.

4. Cleanliness of DOHS is our next priority which we have, so far achieved approx 70% success. The remaining 30% could not be ensured due to noncooperation from some of the house owners who keep their surroundings dirty. We didn't bring any change

in the existing Traffic system except stopping entry of auto Rickshaws to reduce traffic congestions in front of Anannya Shopping Complex. We may discuss more about it later.

5. We have not spent any money from our Porishod fund for development works and increase of facilities so far. After we have taken over on 1st of September 25, Dhaka Cantt Board has carpeted our road #1, 4 & NR. Eastern road will be carpeted soon. CEO, Cantt Board has provided us with 2 rides for the children park. Mr Ashikur Rahman Tuhin has donated 260 liters garbage bin qty 63 worth Tk -3,35,000/-. Sqn Ldr Motin has donated one ride for the Children park worth Tk - 80,000/-, Kh Shahid Iman has donated Tk - 20,000/- for making 2 swings in the new children Park at the eastern side of Road # 9 which was so long being used as garbage dump. 2 LED light and 2 CC cameras are also installed there. Jonab Kamruzzaman of House # 122/3 & 540/5 donated Tk-50,000/- for buying Raffle draw prizes which were given to lucky participants of recently held picnic. Our bundle of thanks to all the donors for their kind gesture.

6. Respected CAS was requested to donate us a new Ambulance which he kindly approved and we have already received after regular persuasions. Residents of Baridhara DOHS hereby express their deep gratitude to the Chief of Army Staff for his kind donation of the ambulance as a gesture of good will. Lieutenant General Jahangir Alam Chowdhury, honorable Home Advisor helped us in getting construction work done near the Staff Road level crossing and widening of the road leading from School Gate to Transit Camp. Our heartfelt thanks for his kind help. Carpeting of road from Baridhara DOHS gate to Y Junction via Anannya is under process by DNCC and will be done very soon. Construction of garbage point with fences are in the active consideration of the Cantt Boord. Our gate at Baridhara and Gulshan point is now giving an excellent look after renovation by Berger. CSD has expanded our Physiotherapy Centre to accommodate one more bed and a treadmill donated by Maj Gen Ziauddin Ahmed, Ex AMC of House # 222, Road # 02. Floor is also covered with no slippery good quality mat.

7. However, our activities of last 5 months have been highlighted in the Annual report which will be shown in the slides and will also be read out by the Secretary. It is highly encouraging to comprehend that our Residents have been accepting Porishod decisions in good grace and implementing those at their end very gladly with very few exceptions.

8. Ladies & Gentlemen, without your support and co-operation nothing tangible we can achieve. Please instruct your drivers, guards, caretakers, domestic aids, even visitors who all are visiting your house/apartment to follow our requests and instructions. I shall request you to help us in keeping DOHS environment neat & clean as well as keeping the DOHS area free from all kinds of pollution. We shall appreciate if you kindly pass or convey our instructions/decisions to all who are residing in your house/apartments.

9. We promise, your all questions & queries will be answered till you are satisfied provided if we have such favourable environment. I request your active participation in discussing all points to reach correct decisions which would benefit our dwellers in the coming days. Allah Hafez.

**আলোচ্যসূচি - ০৪ : গত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীর অনুমোদন (২২ ফেব্রুয়ারি ২০২৫)।**

**৮। বিগত ২১তম বার্ষিক সাধারণ সভার বিষয়ভিত্তিক কার্যবিবরণীর হার্ড কপি পরিষদ অফিসে এবং ওয়েবসাইট www.dohsbaridhara.com এ ছিল। আগ্রহী সদস্যগন এসএমএস অনুযায়ী পরিষদ অফিস থেকে হার্ড কপি সংগ্রহ করেছেন। গত বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন নিম্নেরূপ ঃ**

**পয়েন্ট - ১। পরিষদ সেক্রেটারী (প্রাক্তন) মেজর এএইচএম মনোয়ার হোসেন (অবঃ), বাড়ী # ৪৫০/১০, রোড # ০৮**

ডিওএইচএস এর পরিষদ নির্বাচন ব্যবস্থা পরিবর্তন করে আগষ্ট ২০২০ সালে প্রায় ১০০% বাসিন্দার মতামত উপেক্ষা করে নির্বাচিত প্রেসিডেন্ট এর পরিবর্তে সেনাসদর কর্তৃক মনোনীত প্রেসিডেন্ট নিয়োগ দেয়া হয়। সময় এসেছে এ ব্যবস্থা পরিবর্তন করে পুরনো ব্যবস্থায় প্রত্যাবর্তন করার এবং প্রেসিডেন্টসহ সকল ইসি সদস্যদের নির্বাচনের মাধ্যমে পর্ষদ গঠন করার। প্রেসিডেন্ট পদে প্রার্থী হতে পদ, পদবির কোন বাধ্যবাধকতা থাকা সমীচীন নয়। এ প্রেক্ষিতে পরবর্তী পর্ষদ প্রেসিডেন্টসহ সকল ইসি সদস্যদের নির্বাচনের মাধ্যমে দায়িত্ব গ্রহণের/হস্তান্তরের প্রস্তাব করছি।

**পরিষদের মতামত ঃ** উক্ত বিষয়ে পরিষদ একমত পোষণ করে এবং বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য প্রেরণের সুপারিশ করে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করেন এবং উক্ত প্রস্তাব ডিওএইচএস সেন্ট্রাল কমিটির নিকট প্রেরণের সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।**

**অগ্রগতি ঃ** ২৩ আগষ্ট ২০২৫ তারিখে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রেসিডেন্টসহ সকল ইসি সদস্যদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। যার পরিপ্রেক্ষিতে বর্তমান ইসি দায়িত্বভার গ্রহন পূর্বক কার্যক্রম শুরু করেছে।

**পয়েন্ট - ২ । ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি) পিএসসি, বিএন (অব.), বাড়ি # ৫৪৮, রোড # ১৩, বারিধারা ডিওএইচএস**

(ক) **ডিওএইচএস বারিধারার জামে মসজিদ পুন:নির্মান প্রসঙ্গে**

চার বৎসর পূর্বে অত্র এলাকার মসজিদটি পুরাতন হওয়ায় এবং বর্তমান মসজিদ নির্মানের সময় কিছু সমস্যা হওয়ার কারণে ডিওএইচএস বারিধারা জামে মসজিদ পুন:নির্মানের পদক্ষেপ নেওয়া হয়। নৌ বাহিনী সহ কয়েকটি সংস্থা ও সর্বসাধারণ থেকে কিছু অনুদান সংগ্রহ করা হয়। তবে গত কয়েক বৎসরে এর কার্যক্রমে ধীর গতি দেখা যাচ্ছে। এই ব্যাপারে চাঁদা সংগ্রহ ও পুন:নির্মাণ পরিকল্পনার অগ্রগতি/পদক্ষেপের পূন মূল্যায়ন করা দরকার। উল্লেখ যে, শুক্রবারের জুম্মার নামাজে স্থান সংকুলান হয় না। এমআইএসটি এর প্রতিবেদনে জানানো হয় যে তহবিল সংকুলান সাপেক্ষে মসজিদটি পুন:নির্মান করা যেতে পারে। অনুদান সংগ্রহের কার্যক্রম যথাযথভাবে দ্রুত গতিতে শুরু করা প্রয়োজন। সেনা ও বিমান বাহিনী থেকে পর্যাপ্ত পরিমাণ অর্থ সংগ্রহের চেষ্টা করা দরকার।

**পরিষদের সুপারিশ ঃ** দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে এই মুহুর্তে তহবিল সংগ্রহের কাজ মন্থর গতিতে চলছে। ভবিষ্যতে পরিস্থিতির উন্নতি সাপেক্ষে মসজিদ পূণঃ নির্মাণের কাজ হাতে নেয়া হবে।

**পরিষদের মতামত ঃ** ফান্ড সংগ্রহের কাজ চলমান আছে। পর্যাপ্ত তহবিল সংগৃহীত হলে কাজ শুরু করা হবে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** মসজিদ নির্মাণের জন্য পর্যাপ্ত তহবিল/অর্থ হলেই কাজ শুরু হবে। ফান্ড সংগ্রহের সব রকম ব্যবস্থা চালু রয়েছে। তবে সংগ্রহ আশাব্যঞ্জক নয়।

(খ) **শিশুপার্ক ও খেলার মাঠে টার্ফ স্থাপন প্রসঙ্গে।**

জানা যায় যে ৮/১০ বৎসর আগে সাধারণ সভায় শিশু পার্কে এস্ট্রোটার্ফ স্থাপনের প্রস্তাব এসেছিল। তারপর ৩ বৎসর আগে বার্ষিক সাধারণ সভায় আবার আলোচনা করে বাজেটের অভাবে পরিকল্পনা নেওয়া হয়নি। উল্লেখ্য যে শিশুদের খেলার জন্য যে পার্ক ও মাঠ আছে, তাতে ঘাস জন্মানো সম্ভব হচ্ছে না। অনেক স্থানে উচু-নিচু মাটি ও বালিতে ভর্তি। বাচ্চারা খেলাধুলার পর সারা শরীরে বালি/মাটিতে নোংরা হয়ে যায়। এতে অনেকে শ্বাস-প্রশ্বাস জনিত রোগ ও চর্ম রোগে আক্রান্ত হচ্ছে। মাঠে/পার্কে টার্ফ স্থাপন করলে শিশুদের খেলাধুলায় আগ্রহ বাড়বে এবং রোগে আক্রান্ত হওয়ার আশংকা কমবে। ডিওএইচএস বারিধারায় কয়েকটি পার্ক ও খেলার মাঠ আছে। এর মধ্য থেকে একটিতে আংশিক আকারে ফেইজ বাই ফেইজ টার্ফ স্থাপনের পদক্ষেপ নেওয়া উচিৎ। ক্রমান্বয়ে মাঠের সব স্থানে টার্ফ স্থাপন সম্ভব হবে। প্রয়োজনে কমিটি করে স্পন্সর সংগ্রহ করলে পরিষদের অর্থের অভাব হবে না। ভবিষৎ প্রজন্মের কথা মাথায় রেখে এবং শিশুদের ইলেকট্রনিক ডিভাইস থেকে দূরে রাখার জন্য পার্ক ও খেলার মাঠ গুলি পর্যায়ক্রমে আকর্ষনীয় করা দরকার।

**পরিষদের সুপারিশ** ঃ টার্ফ লাগানোর ব্যাপারে পরিষদের এই মুহূর্তে কোন পরিকল্পনা নাই। তবে বর্তমানে মাঠটি খেলার উপযোগী রাখার জন্য সার্বক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**পরিষদের মতামত ঃ** বর্তমানে খেলার মাঠের অবস্থা আগের চেয়ে অনেক ভালো। টার্ফ লাগানোর বিষয়টি পরিষদ বিবেচনায় রাখছে।

**সিদ্ধান্ত ঃ General Body পরিষদের সুপারিশ ও মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** টার্ফ সংগ্রহ ও প্রতি স্থাপনের জন্য স্পন্সর খোজা হচ্ছে। স্পন্সর পেলে টার্ফ লাগানো হবে। আজকের এজিএমএ একই পয়েন্ট উত্থাপিত হয়েছে। সেখানে বিস্তারিত আলোচনা হবে।

**পয়েন্ট - ৩ ঃ Dr. Sabreena Ahmed, D/O: Late Brig. Gen. Aftab Uddin Ahmad (Retd.) House: 321/5, Road: 5, DOHS Baridhara**

**a. Regarding space in women's section in the mosque during Jummah and Tarawi prayers:**

Last Ramadan, the resident women went to the mosque for Tarawi prayers and found it difficult to find space (downstairs and upstairs included). Till the eighth rakat of the daily prayer, some of us had to pray on the stairs with mosquito bites. We later on informed the Imam and he made the women section bigger by moving the portion of Itiqaf a bit further. The same problem happens during Jummah every week as outside women Musullis come to pray at this mosque downstairs.

The point is, the problem of space occurs because of women Musullis coming from the Sheorabazar and Kalachandpur. As there is no women security guards in DOHS, I would like to suggest the following points to the DOHS Baridhara mosque committee to consider:

(1) According to the Jummah Khutba of 14th June 2024, there was a clear instruction from the QMG for not allowing outsiders in the DOHS areas or in the mosques. I would like to humbly know what the mosque committee thinks about it. Because it is a crucial decision to maintain safety and security of resident Musullis.

(2) A solution for small space for women's section of the most can be keeping one of the cleaning ladies in front of the women mosque area and ask the Muslima Musullis about their whereabouts.

(3) Putting up a notice outside the mosque that the mosque is not for outsiders.

(4) Sheorabazar gate closing time could be earlier after Magrib only during Ramadan to stop the crowd in the mosque.

(5) During the Maghrib prayer also, women section has outsider Muslimas in the women's section. The gatekeepers at pocket gate and check post often do not ask whereabouts from women and allow them to walk in the park, and from there they get in the mosque to pray.

**Example: Last Ramadan, one of the outsider women brought her child with her and was praying without paying attending to the child's need. The child had passed stool in the shoe box in the mosque.**

**b. Regarding putting up notices on trespassing and giving tips to guards:**

I would like to thank DOHS Porishod for taking the step of giving ID cards to the workers who come to DOHS every day. But the guards do not seem to ask many questions to the women folk who enters out of humility/respect. Around afternoon there are still outsider women with kids who enter the premises and want to play in the children's park.

**Suggestions are:**

(1) Please display sign boards in front of Sheora and Checkpost gate that no one can enter without a valid ID card provided by BSI school (as parents have kids), or DOHS. The local people of Sheorabazar know that this is a place under the army and they cannot enter the premise, they need a CLEAR REMINDER.

(2) Please make more sign boards and put around the park area regarding not allowing outsiders. A formal notice to the plot owners and residents could be sent that if they want their friends and guests to use the park facility, the owner must accompany them. Often, civilians use random army officer's names and start walking in the park!!

(3) Besides giving training to guards about how to salute and do march past, efforts should also be given in teaching them how to ask people about their whereabout politely, or to request to go out of the park or mosque if they are outsiders.

(4) Are we allowed to give tips to the guard in the gates? I have seen one of the officers giving tip to two guards in front of Anannya Shopping complex, and later on the other guards were asking for their share from the two lucky ones. A central notice could be sent to all as Ramadan is approaching, we should not be giving tips individually. These guards serve the TIP GIVERS better than the others.

**Example:** One afternoon, a lady came into the children's park with a lot of Salwar kamiz pieces and insisted us (the parents) who were sitting there to buy them. So, the guards are not asking the ladies when they enter DOHS gates.

**c. Regarding progress of decisions taken in the parents-teachers' meeting of Lolitokola Academy:**

I would like to request the Lolitokola sub-committee to respond to the humble queries below.

(1) On 23rd and 25th May 2024, two PTMs were held with the convenor, subcommittee and SVP Colonel Faisal (Retd.). In those meetings, parents asked for minimum of three performances a year from the music and dance students. Along with it, an exhibition of the drawing students to be arranged and it will be evaluated.

(2) A request was made to make an evaluation rubric for the students that teachers will mark and show the parents as all other institutions do.

(3) No notification of progress was communicated to the parents after the meetings. When parents ask Santu Khan regarding this, he replied "the meeting minutes have been passed through, on 16th December there will be a programme". Annually only one programme is not inspiring enough for the children and on top of that the admission and monthly charges have been increased. So, there is an expectation from the parents that we will be able to see more performances, progress reports and end of course certificates.

(4) In the meeting, I had proposed to arrange an "Art and Storytelling Workshop" for the kids of DOHS, that was not followed up either, even though the organisers of the meeting had agreed that it will be interesting to do it centrally, no step or action was taken.

(5) Currently, junior art class as new smaller kids, the teacher is sometimes not able to monitor so many kids alone. Is it possible to add an assistant teacher for the junior art class as the kids need more guidance and oral instruction from the teacher?

(6) Random unannounced visits from the members of the Lolitokola Academy sub-committee may help to find out if children are following their teachers correctly in all the courses and if there is something parents should do at home to help out teachers during the class.

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

(১) বর্তমানে মহিলাদের নামাজের জন্য যে স্থান নির্ধারিত রয়েছে তা বৃদ্ধি করণ সম্ভব নয়। তবে কখনও নূতন মসজিদ নির্মিত হলে এই প্রস্তাবনার ব্যাপারে বিশেষ দৃষ্টি দেয়া হবে।

(২) বাস্তবতার নিরিখে বাইরের লোকজনদের মসজিদে নামাজ আদায় করার ব্যাপারে নিরুৎসায়িত করা যেতে পারে। তবে সম্পূর্ণভাবে বন্ধ করা সম্ভব নয়।

(৩) রমজান মাসে জোয়ার সাহারা পকেট গেইট বন্ধ করার প্রস্তাবটি আলোচনার জন্য হাউজে উপস্থাপন করা হলো।

(৪) ললিতকলা একাডেমী সিদ্ধান্তের ব্যাপারে সংশ্লিষ্ট অভিভাবক ব্যক্তিগত ভাবে উত্থাপিত সমস্যাগুলি সাব-কমিটির সঙ্গে আলোচনার মাধ্যমে সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে। তবে কেবলমাত্র রমজান মাসে মহিলাদের নামাজের জন্য ২য় তলায় বাম পার্শ্বের কিছু অংশ নির্ধারিন করার সিদ্ধান্ত গৃহিত হয়।**

**অগ্রগতি ঃ**

**(১)** বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী রমজান মাসে মহিলাদের নামাজের জন্য ২য় তলায় বাম পার্শ্বের কিছু অংশ নির্ধারণ করা হয়।

**(২)** নিরাপত্তা প্রহরীর চেকিং করার কারনে ডিওএইচএস পার্ক এলাকায় বহিরাগত লোকজন আসা অনেকাংশে কমে গেছে। গার্ডদের বকসিশ নেয়া অনেকাংশে বন্ধ হয়েছে। বিষয়টি সিসি ক্যামেরায় পর্যবেক্ষর করা হচ্ছে।

**(৩)** রমজান মাসে পকেট গেট ইফতারের পরপরই বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**(৪)** ললিতকলা একাডেমী কার্যক্রম বর্তমানে বন্ধ করা হয়েছে।

**পয়েন্ট - ৪ ঃ মেজর শের মোহাম্মদ খান (অবঃ), বাড়ী # ১৭৫/এ, রোড # ০২, বারিধারা ডিওএইচএস**

(ক) আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বারিধারা ডিওএইচএস পরিষদের সিকিউরিটি গার্ডদের জন্য সামার ড্রেস প্রদান করা হয়েছে যা একটি ভাল ও প্রশংসনীয় উদ্যোগ। তবে লক্ষ্য করা যায় যে, উক্ত পোশাকে কোন নেম ট্যাগ থাকেনা ফলে গার্ডদের পরিচয় জানা যায় না।

(খ) এমতাবস্থায়, সিকিউরিটি গার্ডদের উক্ত পোশাকে নেম ট্যাগ লাগানোর ব্যবস্থা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**পরিষদের মতামত/মন্তব্য ঃ** বারিধারা ডিওএইচএস পরিষদের পরিচয় নিশ্চিতের জন্য ব্যক্তিগত আইডি কার্ড ব্যবহৃত হচ্ছে। তবে আগামীতে এ ধরণের পোশাকে ডিওএইচএস এর লোগো ব্যবহৃত হবে। নেম ট্যাগ প্রদানের কোন পরিকল্পনা নাই।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে। সামার ড্রেসে নেম ট্যাগ লাগানোর ব্যাপারে মেম্বার সিকিউরিটি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।**

**অগ্রগতি ঃ** সিকিউরিটি গার্ডদের সামার ড্রেসে নেম ট্যাগ লাগানো হয়েছে।

**পয়েন্ট - ৫ ঃ মেজর এম আবুল বাশার (অবঃ), বাড়ী # ৪৮৬, রোড # ০৮, বারিধারা ডিওএইচএস**

ক। **বারিধারা ডিওএইচএস শেওড়া- রেল গেইটের পূর্ব সাইড থেকে এক্সপ্রেস ওয়েতে গাড়ী চলাচল ব্যবস্থা গ্রহণ প্রসংগে**

এক্সপ্রেস ওয়েতে উঠতে হলে শেওড়া রেলগেইট পার হয়ে নিকুঞ্জ-২ এর গেইটের সম্মুখে এক্সপ্রেস ওয়েতে উঠতে হয়। রেল লাইন ক্রস ও ইউটার্নের কারণে প্রচুর সময় অপচয় হয়। এক্সপ্রেস ওয়ের পরে রাস্তাটি মেরামত হলে সরাসরি আমরা বসুন্ধরা/৩০০ ফিট রাস্তায় যেতে পারব। তাতে সেখানে যাওয়া আসা প্রচুর সময় বাচবে।

**পরিষদের মতামত/মন্তব্য ঃ** এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** যথাযথ কর্তৃপক্ষকের সাথে যোগাযোগ করা হয়েছিল, কাজটি সম্পন্ন হয়েছে।

**খ। শেওড়া রেলগেইটের পরে ইউটার্নটি ইউ লুপ পরিবর্তন করণ প্রসংগে।**

ডিওএইচএস শেওড়া রেল গেইট পার হয়ে রেডিসন হোটেলের পূর্বে অবস্থিত ইউ টার্নটি অত্যন্ত ঝুকিপূর্ণ। স্টাফ রোড থেকে আসা উত্তরা এয়ারপোর্ট নর্থ ব্যাঙ্গলে যাওয়ার বড় গাড়ী ট্রাক অতি দ্রুত বেগে আসে, যে কারনে যে কোন সময় ট্রাক বাস গাড়ীর মধ্যে দূর্ঘটনা হয়ে জনগণের প্রচুর যানমালের ক্ষয় ক্ষতি হতে পারে। তাই নতুন এয়ারপোর্টটির সম্মুখের ইউটার্ন লুপটির মত এখানেও একটি ইউটার্ন লুপ বানানো খুবই প্রয়োজন। জরুরীভাবে ব্যবস্থা নিতে অনুরোধ রইল।

**পরিষদের মতামত/মন্তব্য ঃ** এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। স্কুল গেইট-ইঞ্জিনিয়ার ব্রিগেড ও স্টাফ রোড হয়ে উত্তর দিকে চলাচল নিরাপদ।

**গ। <u>অনন্যা থেকে ইউনাইটেড হাসপাতাল গেইট পর্যন্ত রাস্তার পরিবেশ প্রসংগে।</u>**

সকাল ০৮ টার পর হতে রাত ৮ টা পর্যন্ত উপরোক্ত রাস্তাটিতে গাড়ীর যানজট হয়। এমনকি বিকেলে এই রাস্তাটিতে ২-৩ ঘন্টা অপেক্ষা করে ইউনাইটেড হাসপাতাল পার হতে হয়। এই ভীড়ের মূল কারণ হলো অনন্যা মার্কেটটি সম্পূর্ণ চালু হয়েছে। দ্বিতীয়ত গুলশান, বনানী, মূল বারিধারার গাড়ীগুলো আমাদের ওয়াই জংশন দিয়ে ষ্টাফরোডে গিয়ে প্রধান সড়কে উঠে। তৃতীয়ত এই রাস্তায় গাড়ীর চেয়ে বেশী চলে রিক্সা, মোটরসাইকেল/ সিএনজি। তাদেরকে এক সাইডে চলাচল করতে দিলে মেইন রোডে সুন্দরভাবে ২ টি গাড়ী ইন ও আউট হতে অনেক কম সময় লাগবে। এ কাজ করতে হলে পশ্চিম সাইডে এলোমেলো গাছ কেটে অন্তত ৮' রাস্তা দিলে এর ভিতর দিয়ে রিক্সা/সিএনজি/মোটরসাইকেল/ভ্যান চলাচলে সুবিধা হবে।

**<u>পরিষদের মতামত/মন্তব্য</u>** ঃ এ ব্যাপারে কর্তৃপক্ষকে অবহিত করা হবে। গাছ কর্তন করার এখতিয়ার এমইও দপ্তরের। গাছ কাটার ব্যাপারে এমইও অফিস অপারগতা জানিয়েছে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** বর্তমানে ইঞ্জিন চালিত রিক্সা বন্ধ করা হয়েছে। ফলে অনন্যার সামনের যানযট উল্লেখযোগ্য ভাবে কমে গেছে।

**ঘ। <u>ওয়াই জংশন হতে অনন্যা পর্যন্ত রোড ডিভাইডার করন প্রসংগে।</u>**

বর্তমানে ওয়াই জংশন থেকে অনন্যা পর্যন্ত ২ ওয়ে রাস্তার ডিভাইডার স্থলে লোহার পাইপ/এংগেল চিকন করে ডিভাইডার বানিয়ে রং করলে এই এলাকার সৌন্দয্য বাড়বে। সদয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**<u>পরিষদের মতামত/মন্তব্য</u> ঃ** একটি কোম্পানির স্পন্সর দ্বারা বর্তমানে ওয়াই জংশন থেকে অনন্যা পর্যন্ত ২ ওয়ে রাস্তার পাইপ/এংগেল দিয়ে ৩০% কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাকী অংশের কাজ খুব দ্রুত করা হচ্ছে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** রোড ডিভাইডার কাজের অগ্রগতি হয়নি। ৩০% কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট অংশের জন্য নূতন বিজ্ঞাপন দাতাকে খোজা হচ্ছে।

**ঙ। <u>ওয়াই জংশন থেকে ষ্টাফরোড রেল ক্রসিং এর আগে পুকুর পর্যন্ত রাস্তাটির প্রস্থ সঠিক করন প্রসংগে।</u>**

লক্ষনীয় যে, উপরোক্ত রাস্তাটির প্রশস্ত কোন কোন স্থানে সমান নহে। যেখানে প্রশস্থ কম, সেখানে গাড়ীর জ্যাম হয়। কারণ তখন খুব কষ্টে ২ টা গাড়ী ইন-আউট হয়। সকল স্থানে রাস্তাটি সমান হলে গাড়ীর জ্যাম হবে না। তাতে আমাদের প্রচুর সময় বাচবে। তাই এ ব্যাপারে ব্যবস্থা নিতে অনুরোধ রইল।

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>** উক্ত রাস্তা প্রশস্থ করার জন্য ইতোমধ্যে পত্রালাপ করা হয়েছে। এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিলারের কারণে রাস্তা প্রশস্থ করা সম্ভব নয় বলে কর্তৃপক্ষ অবহিত করেছে।

**অগ্রগতি ঃ Point is closed now.**

## <u>Point – 6: Captain Mohammad Nurul Azim, BN (Retd), House # 499, Road # 09, DOHS Baridhara.</u>

**a. Following points may be placed before next AGM for decision please;**

(1) **Setting speed limit and putting barricade in the road from Y Junction point to Rail Gate**. The road leading to Staff Road Rail Gate from Y Junction have become very risky because of its narrowness and fast driving as many vehicles tend to pass through towards Baridhara, Gulshan and Narda making a

short cut to avoid traffic jam in the airport road. I therefore suggest to put appropriate barricade in the middle of the road in the aforesaid section to avoid accident. Moreover, speed limit may please be set for that section.

(2) **Illumination of Building.** Plot/ Flat owners and tenants illuminate their respective buildings and illuminate major portion of the respective lane in their family occasions which sometimes continue for days together and for the whole night which I feel a kind of wastage in national energy. I therefore suggest that such illumination should be restricted to 3/4 days and up to midnight only.

(3) **Car Parking Fees at Sena Kallyan Shopping Complex:** From past few months Tk 20/- is being levied from each vehicle when customers put their vehicle in front of Shena Kallayan Shoping Complex. It can only be imposed from vehicles which do not bear Parishad sticker. Or if it is at all levied, it should not be more than Tk 10/- for vehicles holding Cantonment sticker like Koch khet Bazar parking.

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

ক। এ বিষয়টি পরিষদের আওতাভূক্ত নয়। যাহোক, এ ব্যাপারে পরিষদ কর্তৃক যথাযথ কর্তৃপক্ষকে জ্ঞাত করা হবে।

খ। যেহেতু এটি একটি সামাজিক ও স্বল্পসময়ের ইস্যু, পরিষদ কর্তৃক এ ব্যাপারে হস্তক্ষেপ না করাই সমীচীন। তবে প্রতিবেশীদের সম্মতিক্রমে আলোকসজ্জা করার জন্য অনুরোধ করা হবে।

গ। যে স্থানে গার্বেজ শেডটি অপসারণ করে পার্কিং এর জায়গা করা হয়েছে উক্ত স্থানে স্টেশন সদর দপ্তর কর্তৃক ইস্যু করা স্টিকার গাড়ীতে থাকলে পার্কিং ফি নেওয়া হয় না। জায়গাটির মালিকানা ডিওএইচএস এর হওয়ায় উক্ত স্থানটি সামরিক কর্মকর্তাদের গাড়ী পার্কিং এর জন্য নির্দিষ্ট করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষণ করে।**

**অগ্রগতি ঃ** সামরিক কর্মকর্তাদের পার্কিংয়ের জন্য এসকেএস শপিং কমপ্লেক্স এর দক্ষিণ দিকের পার্কিংটা চিহ্নিত করা হয়েছে। ওখানে সামরিক কর্মকর্তারা বর্তমানে কোন রকম চার্জ ছাড়া গাড়ী রাখতে পারছেন।

**বিবিধ পয়েন্টসমূহ ঃ**

**ক। লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ), বাড়ী # ৪৮৯, রোড # ০৮।**

**পয়েন্ট - ১ ঃ** অত্র ডিওএইচএস এলাকায় অননুমোদিত দোকান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং উক্ত দোকানে অবৈধ মালামাল বিক্রি করে। ফলে বিভিন্ন সময়ে অপ্রীতিকর ঘটনা ঘটছে। এ ব্যাপারে General Body এর সিদ্ধান্ত প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** অত্র এলাকার অবৈধ/অননুমোদিত সকল দোকান অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয়। যত দ্রুত সম্ভব কার্যক্রম গ্রহণ করার পক্ষে সকলে একমত পোষণ করেন।

**অগ্রগতি ঃ** ডিওএইচএস এলাকার অবৈধ/অননুমোদিত সকল দোকান অপসারণের জন্য পরিষদ হতে বিভিন্ন সময়ে অভিযান পরিচালনা করা হচ্ছে এবং মালামাল জব্দ করা হচ্ছে। দোকান বন্ধ করার ব্যাপারে সেনাসদর থেকে প্রাপ্ত নির্দেশনার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে ।

**পয়েন্ট - ২ ঃ** লক্ষ্য করা যাচ্ছে যে, সম্মানিত অনেক সদস্য তথ্য যাচাই না করে বাড়ীতে বাণিজ্যিক অফিস/ভাড়াটিয়ার নিকট ভাড়া প্রদান করেন এমনকি চুক্তিপত্র ছাড়াও ভাড়া প্রদান করেন। ফলে প্রায়ই সময়ে পরিষদ অফিসে বিভিন্ন অভিযোগ এবং অপ্রীতিকর ঘটনা ঘটছে। সকল বাণিজ্যিক অফিস/ভাড়াটিয়ার তথ্য যাচাই বাছাই করে বাড়ীর মালিক ভাড়া প্রদান

করবেন এবং পরিষদকে অবহিত করার আহবান করেন। এছাড়াও তিনি সভায় বাড়ী # ৩৪৯, রোড # ৫ এবং বাড়ী # ৩১৯, ইর্ষ্টাণ রোড বাড়ীর অননুমোদিত ব্যবসা পরিচালনার ছবি প্রদর্শন করেন।

**সিদ্ধান্ত ঃ** উক্ত প্রস্তাবের সাথে General Body একমত পোষণ করে। এ ব্যাপারে একটি টাস্কফোর্স গঠনের মাধ্যমে অবৈধ/অননুমোদিত প্রতিষ্ঠান ও দোকানপাট অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এতে বকেয়া আদায় হবে এবং ফ্ল্যাটমালিকগণ নিয়মিত পরিষদ সাবস্ক্রিপশন পরিশোধে নিয়মিত হবেন।

**অগ্রগতি ঃ** ডিওএইচএস এর সর্বশেষ ৬১তম সেন্ট্রাল কমিটির মিটিংএ গৃহিত সিদ্ধান্ত ইতোমধ্যে পরিষদের হস্তগত হয়েছে সেখানে বিস্তারিত নীতিমালা এবং সিদ্ধান্ত দেওয়া হয়েছে। সেনাসদর থেকে প্রাপ্ত এই নির্দেশনার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক খুব শীঘ্রই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

**খ। গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), বাড়ী # ৪৮৫/এ, রোড # ০৮**

**পয়েন্ট ঃ** পরিষদের সাবস্ক্রিপশন অনেকদিন যাবত কিছু সদস্যদের নিকট পাওনা রয়েছে। পত্রালাপ করা সত্ত্বেও তারা পরিশোধ করছেন না যার তালিকা প্রকাশ করা হয়েছিল।

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনা শেষে পরিষদের বিভিন্ন সার্ভিস বন্ধ করে উক্ত বকেয়া সাবস্ক্রিপশন আদায়/উত্তোলনের ব্যবস্থা করা হবে। তাঁদেরকে ০৭ দিন সময় বেঁধে দিয়ে আরও একবার নোটিশ/পত্রালাপ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** সিদ্ধান্ত মোতাবেক চিঠি দেয়া হয়েছে এবং অনেকেই পরিশোধ করেছেন। আবার নতুন করে অনেকের কাছে পাওনা রয়েছে। এটা একটা চলমান প্রক্রিয়া। তবে কিছু ফ্লাট মালিক chronic defaulter হয়েছেন যারা মোটেই পরিশোধ করছেন না। এদের ক্ষেত্রে General Body'র অনুমোদন পেলে case to case basis কিছু ছাড় দিয়ে Long outstanding পাওনা গুলো আদায় করা যেতে পারে। ইতিপূর্বে একবার এ ধরনের উদ্যোগ নিয়ে ইসি সফল হয়েছিল।

**গ। ব্রিগেঃ জেনাঃ আহমেদ মুকতাদির আরিফ, পিএসসি (অবঃ), বাড়ী # ১৩৯, রোড # ০১**

**পয়েন্ট - (১) ঃ** ব্রিগেঃ জেনাঃ আহমেদ মুকতাদির আরিফ, পিএসসি (অবঃ) এর নেতৃত্বাধীন অডিটের রিপোর্টের উপর কিছু পর্যবেক্ষণ দিয়েছিলেন, বিশেষ করে পরিষদের সম্পদ ঘাটতি পূরণের লক্ষ্যে কাজ করা হয়েছে। কার্যক্রমে কিছু ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হওয়ার কারণে এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তবে সম্পদের ঘাটতি অনেকটা বের করা সম্ভব হয়েছে এবং পরিষদ ও মসজিদের অবশিষ্ট ঘাটতি পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলে উক্ত দায়িত্ব পালনে সন্তোষ প্রকাশ করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

**অগ্রগতি ঃ** ট্রেজারার তার উপস্থাপনায় এ বিষয়ে বিষদ আলোচনা করবেন।

**পয়েন্ট - (২) ঃ** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে সামাজিক অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় বুকিং না হওয়াতে ৬ষ্ঠ তলা একটি চাইনিজ কোম্পানীকে ভাড়া দেয়ার জন্য প্রস্তাব করেন। উক্ত কোম্পানী মাসিক আনুমানিক ৫ লক্ষ টাকা দিতে সম্মত হয়েছেন।

**সিদ্ধান্ত ঃ** বিষয়টি সভায় নীতিগতভাবে অনুমোদিত হয়। সেনাসদর এবং ক্যান্টনমেন্ট বোর্ড এর সাথে সমন্বয়ের মাধ্যমে এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** ইতোমধ্যে একটি চাইনিজ কোম্পানীর সাথে ২ বছরের চুক্তি সম্পাদন করা হয়েছে। এখানে আরও অবগত করা যাচ্ছে যে, ভবিষ্যতে সম্মানিত বাসিন্দাদের সাবস্ক্রিপশন বৃদ্ধি রোধকল্পে কনভেনশন হলের আরও একটা হল অফিস হিসাবে ভাড়া প্রদান করার অনুমোদন দেওয়ার জন্য প্রস্তাব করা হলো।

**ঘ। লেঃ কর্ণেল মোঃ শফিউল ইসলাম (অবঃ), বাড়ী # ৪৫০/১, রোড # ০৮**

**পয়েন্ট ঃ** তিনি সভায় উপস্থাপন করেন যে, বারিধারা ডিওএইচএস এলাকার নিরাপত্তা জোরদার করার লক্ষে ইতোমধ্যে সম্পূর্ণ এলাকা সিসি ক্যামেরার আওতাভূক্ত করার জন্য ১০৮টি (৪ মেগাপিক্সেল ৭৯টি এবং ২ মেগাপিক্সেল ২৯টি) নতুন সিসি ক্যামেরা সংযোগ করা হয়েছে এবং ৭৮ টি ২ মেগাপিক্সেল পুরাতন ক্যামেরা পুনঃ সংযোগ করা হয়েছে এর ফলে

ডিওএইচএস এলাকায় এখন আর চুরির ঘটনা ঘটছে না, কিছু দিন আগে বটতলা ট্রানজিট ক্যাম্প এলাকায় একটি হত্যাকান্ড সংঘটিত হয় সিসি ক্যামেরার ফলে প্রশাসনের সত্য উৎঘাটন করতে সহায়ক ভূমিকা পালন করছে।

আরও ৭৮ টি ২ মেগাপিক্সেল পুরাতন ক্যামেরা ৪ মেগাপিক্সেল এ উন্নতি করার জন্য অতিরিক্ত **১১**,০০,০০০/-টাকা অনুমোদন প্রয়োজন। এছাড়াও বারিধারা ডিওএইচএস এলাকার বাউন্ডারী এরিয়ার নিরাপত্তার জন্য নতুন **১৮** (৪ মেগাপিক্সেল) সিসি ক্যামেরা স্থাপনের জন্য ৪,০০,০০০/- টাকা অনুমোদন প্রয়োজন। সর্বমোট **১৫**,০০,০০০/-

**সিদ্ধান্ত ঃ** প্রস্তাবটি General Body কর্তৃক গৃহিত হয়েছে।

**অগ্রগতি ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার প্রত্যেক রোডে পূর্বের স্থাপিত ৭৮টি ২ মেগাপিক্সেল পুরাতন ক্যামেরা পরিবর্তন করে নতুন ৪ মেগাপিক্সেল সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এছাড়া ৬ নম্বর রোড হতে **১২** রোড পর্যন্ত পূর্ব পার্শ্বের বাউন্ডারী এলাকার এবং ওয়াই জংশন হতে ট্রানজিট ক্যাম্পের মধ্যবর্তী পর্যন্ত নিরাপত্তার জন্য **১৮**টি নতুন ৪ মেগাপিক্সেল সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

**ঙ। <u>কর্ণেল মোঃ আহসান উল্লাহ, পিএসসি (অবঃ) বাড়ী # ৪৪৯/৬, রোড # ০৮, বারিধারা ডিওএইচএস</u>**

**পয়েন্ট ঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় কুকুরের উপদ্রব ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। কিছু কিছু বাসিন্দাগণ লেক এলাকায় কুকুর নিয়ে আসে এবং ওয়াকওয়ে রাস্তার পাশে মলত্যাগ করায়। কিছু বলা হলে অসৌজন্যমূলক আচরণ করে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে বেওয়ারিশ কুকুরের উৎপাত ও অবাধ বিচরণ রোধের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে পত্র প্রদান করা হবে এবং ডিওএইচএস অভ্যন্তরে/বাড়ীর বাহিরে কুকুর চড়ানো যাবে না এই মর্মে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে অতিসত্ত্বর একটি টাস্কফোর্স গঠন পূর্বক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**অগ্রগতি ঃ** এ ব্যাপারে কার্যক্রম চলমান আছে এবং বেওয়ারিশ কুকুর এর বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করত: জননিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড এর সহায়তা নেয়া হবে।

**চ। <u>ব্রিগেঃ জেনাঃ আহমেদ মুকতাদির আরিফ, পিএসসি (অবঃ) বাড়ী # ১৩৯, রোড # ০১, বারিধারা ডিওএইচএস</u>**

**পয়েন্ট - (১) ঃ** পরিষদ হতে ইসি সদস্যগণ ও অন্যান্য কমিটির সভার আপ্যায়ন বাজেট রাখা এবং সংবিধানের ২৫ (২) ধারা আলোকে ইসি সদস্যদের সভায় অংশ গ্রহণের জন্য নূন্যতম **১**,০০০/- টাকা সম্মানী প্রদান প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় সর্ব-সম্মতিক্রমে উক্ত প্রস্তাব গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** সংবিধানের আলোকে উক্ত প্রস্তাব ও সভার অনুমোদন সঠিক আছে। যেহেতু এটা Voluntary service তাই বর্তমান কমিটির ইসি সদস্যগণ এই সম্মানী নিতে আগ্রহী বা ইচ্ছুক নন। তবে ভবিষ্যতের জন্য উক্ত সিদ্ধান্ত বহাল থাকবে। আপ্যায়ন চলমান আছে।

**পয়েন্ট - (২) ঃ** বারিধারা ডিওএইচএস বাসিন্দাদের মধ্যে হতে পরিষদের বিভিন্ন কার্যক্রমে পরবর্তী প্রজন্মের সুযোগ আরও বৃদ্ধি করার প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে পরিষদের বিভিন্ন কার্যক্রমে পরবর্তী প্রজন্মকে সুযোগ দেয়ার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**অগ্রগতি ঃ** এ ব্যাপারে বর্তমান ইসি কমিটি নতুন প্রজন্মের কিছু সদস্যকে বিভিন্ন সাব-কমিটিতে অর্ন্তভূক্ত করেছে। বিগত পরিষদ নির্বাচনে নতুন প্রজন্মের সদস্যদের অংশ গ্রহণে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। তাদের ব্যাপারে সম্মানিত ভোটারদেরকেই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**ছ। <u>ব্রিগেঃ জেনাঃ খুরশিদ আলম, পিএসসি (অবঃ) বাড়ী # ৪৩৪, রোড # ০৭, বারিধারা ডিওএইচএস</u>**

**পয়েন্ট ঃ** বর্তমানে গ্রামীন ফোনের নেটওয়ার্ক এবং সার্ভিস ভাল হওয়ায় পরিষদকে ধন্যবাদ জানান। এটি সম্ভব হয়েছে বিভিন্ন বাড়ীতে জ্যামার ও নেটওয়ার্ক বুষ্টার অপসারণের ফলে। আরও বাড়ীতে যদি থাকে তা চিহ্নিত করে অপসারণ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** যতদ্রুত সম্ভব এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।

**অগ্রগতি ঃ** আরও জ্যামার আছে কিনা সে ব্যাপারে প্রয়োজনীয় অনুসন্ধান করেও কোন নতুন তথ্য পাওয়া যায় নাই। এই জ্যামার সম্পর্কে সম্মানিত বাসিন্দাদের কোন সন্ধান থাকলে অবশ্যই যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

**জ। <u>রোকেয়া হায়দার, স্বামী ঃ মরহুম ব্রিগেঃ জেনাঃ এম মকবুল হায়দার, বাড়ী # ১০১/৩, নর্দান রোড, বারিধারা ডিওএইচএস</u>**

**<u>পয়েন্ট - ১০ ঃ</u>** তিনি সভায় উপস্থাপন করেন যে, তার বাড়ীর দুই পাশে কোন বাড়ী তৈরী করা হয়নি, ফলে খালি যায়গার ময়লা আর্বজনা, আগাছা হতে মশা, মাছি ও সাপ ইত্যাদি বিভিন্ন সময় আক্রমন করে এ ব্যাপারে পরিষদে সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্ত ঃ** খালী প্লটে নির্মাণ কাজ শুরু করার জন্য প্লট মালিকদের আশু নির্দেশ প্রদানের জন্য সেনাসদরে পত্র লিখা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট প্লট মালিকদেরও পত্র দেয়া হয়েছে।

**অগ্রগতিঃ** এ্যাডমিন বিভাগের কর্মীবাহিনীর তৎপরতায় বর্তমানে ঐ সব এলাকার অবস্থার কিছুটা উন্নতি হয়েছে। তবে ১০১/২ নম্বর প্লটে বাড়ী নির্মাণের কাজ আর বিলম্ব ছাড়া শুরু করার ব্যাপারে সেনাসদরে পত্র প্রেরণ করা হয়েছে।

**ঝ। <u>ব্রিগেঃ জেনাঃ ফরিদ উদ্দিন ভূইয়া (অবঃ), বাড়ী # ২৪৯, রোড # ০৩, বারিধারা ডিওএইচএস</u>**

**<u>পয়েন্ট - (১) ঃ</u>** তিনি সভায় উপস্থাপন করেন যে, তার বাড়ীতে সম্মুখের বাড়ীর আম গাছ এসে পড়েছে। গাছটি অনেক বড় হওয়ায় ঝড়ের সময় উক্ত গাছটি প্রায়ই তার বাড়ীর সামনের ইলেট্রিক তারে লেগে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায়, উক্ত গাছটি কর্তন করার জন্য প্রস্তাব জানান।

**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতিনিধি/ইঞ্জিনিয়ার পরিদর্শন করেছে এবং গাছটি কেটে ফেলার প্রয়োজন নাই বলে তাহারা অবহিত করেছে। প্রয়োজনে পুনরায় সরজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**অগ্রগতি ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতিনিধি/ইঞ্জিনিয়ার পরিদর্শন করেছেন। তবে গাছটি কেটে ফেলার প্রয়োজন নাই বলে মতামত প্রদান করেন।

**<u>পয়েন্ট - (২)</u> ঃ** বারিধারা ডিওএইচএস জামে মসজিদের সিনিয়র মুয়াজ্জিন আযান দেন ও নামাজ পড়ান তাহলে মুয়াজ্জিন এর কাজ কী ?

**সিদ্ধান্ত ঃ** বেশিরভাগ মুসুল্লিগণ সিনিয়র মুয়াজ্জিন এর আযান শুনতে ও তার পিছনে নামাজ পড়তে পছন্দ করেন। ফলে মুয়াজ্জিন এর আযান দেয়া সব সময় হয় না। এ ব্যাপারে কারও আপত্তি থাকার কথা নয়। কর্ণেল খন্দকার বোরহান উদ্দিন আহমেদ (অবঃ), বাড়ী # ৩৯৮, রোড # ০৬ বলেন যে, দুই জনকেই আযান দেয়ার সুযোগ দেয়া যেতে পারে। এ ব্যাপারে মসজিদ সাব-কমিটি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

**অগ্রগতি ঃ** বর্তমানে কোন সমস্যা নাই।

**ঞ। <u>কর্ণেল খন্দকার বোরহান উদ্দিন আহমেদ (অবঃ), বাড়ী # ৩৯৮, রোড # ০৬, বারিধারা ডিওএইচএস</u>**

**<u>পয়েন্ট ঃ</u>** সকাল বেলা গার্বেজ ঠিকাদার কর্তৃক বাড়ী বাড়ী ময়লা সংগ্রহের সময় দূর্গন্ধ ছড়ায় এবং ময়লার গাড়ী সামনে না দাড়িয়ে দ্রুত ময়লা নিয়ে যাওয়ার ফলে রাস্তার উপরে কিছু ময়লা পড়ে থাকায় দূগর্ন্ধ আরও বেশি ছড়ায়।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন কার্যকরি পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** এ ব্যাপারে গার্বেজ ঠিকাদারকে নির্দেশনা দেয়া হয়েছে এবং ঠিকাদারকে সর্তক করা হয়েছে। গার্বেজ ঠিকাদার পরিবর্তিত হয়েছে।

ট। **<u>উইং কমান্ডার সামসুল ইসলাম খান (অবঃ), বাড়ী # ৩৭৫, রোড # ০৬, বারিধারা ডিওএইচএস</u>**

**<u>পয়েন্ট ঃ</u>** প্রায়ই সময়ে দুপুরের পর ডিওএইচএস এলাকায় মাইকিং করা হয় ফলে আমরা বয়স্ক বাসিন্দাদের ঘুমের ব্যাঘাত ঘটে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে জরুরী মাইকিং ছাড়া দুপুরের পর আর করা হবেনা মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** মৃত ব্যক্তির জানাজা ও অতি জরুরী প্রয়োজন ছাড়া মাইকিং করা হচ্ছেনা।

ঠ। **<u>মেজর শের মোহাম্মদ খান (অবঃ), বাড়ী # ১৭৫/এ, রোড # ০২, বারিধারা ডিওএইচএস</u>**

**<u>পয়েন্ট ঃ</u>** ডিওএইচএস এলাকায় বর্তমানে ভিক্ষুকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে জরুরী ভিত্তিতে মেম্বার সিকিউরিটি এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবেন।

**অগ্রগতি ঃ** ডিওএইচএস এলাকায় ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রনের জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**<u>২১তম কার্যবিবরণী অনুমোদন ঃ</u>**

**সেক্রেটারী, গত ২১তম বার্ষিক সাধারণ সভায় উত্থাপিত এবং আলোচিত গুরুত্বপূর্ণ বিষয়গুলি, গৃহীত সিদ্ধান্ত এবং অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন। General Body নিম্নের কিছু পয়েন্টসমূহের উপর তাদের মতামত/পরামর্শ প্রদান করেন ঃ**

**১। ব্রিগেঃ জেনাঃ মোস্তাফিজুর রহমান, এনডিসি, পিএসসি (অবঃ), বাড়ী # ২০৮, রোড # ০২ পয়েন্ট-৫(৪) এর আলোচনার সময় স্কুল গেট হতে স্টাফ রোড পর্যন্ত রং দিয়ে রোড মার্কিং করার প্রস্তাব করেন। এ ব্যাপারে শীঘ্রই পদক্ষেপ নেয়া হবে মর্মে সভায় অবহিত করা হয়।**

**২। বিবিধ পয়েন্ট অনুচ্ছেদ 'খ' এর অগ্রগতি প্রস্তাবনার ব্যাপারে General Body অসম্মতি জ্ঞাপন করেন। ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ মুজিবুর রহমান, বিবি, পিএসসি (অবঃ), বাড়ী # ৪০৮/৭, রোড # ০৭ উক্ত বকেয়া সাবসক্রিপশন আদায়ের ব্যাপারে একটি বোর্ড গঠনের প্রস্তাব করেন। উক্ত বোর্ড বকেয়া সাবসক্রিপশন আদায়ের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন বলে General Body মতামত ব্যক্ত করেন।**

**৩। বিবিধ পয়েন্ট অনুচ্ছেদ 'ঘ' এর বিষয়বস্তুর উপর আলোচনান্তে General Body উত্থাপন করেন যে, প্রায়ঃশই সিসি ক্যামেরা ভিডিও ফুটেজ দেখে ঘটনাসমূহের ব্যাপারে কোন কিছু চিহ্নিত করা যাচ্ছে না। বিশেষ করে চুরির ঘটনাগুলিতে চোরকে শনাক্ত করা যাচ্ছে না কিংবা ঐ স্থানের ক্যামেরা বন্ধ দেখা যায়। এক্ষেত্রে একজনকে সব সময় ক্যামেরা মনিটরিংয়ের দায়িত্বে নিয়োজিত রাখার প্রস্তাব করা হয়। এ ব্যাপারে আইটি এন্ড কমিউনিকেশন সাব-কমিটির কনভেনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।**

**পরিশেষে, সেক্রেটারী উপরোক্ত সিদ্ধান্তগুলি বাস্তবায়নে যথাযথ সহযোগিতা প্রদানের জন্য পরিষদের পক্ষ থেকে সকলকে কৃতজ্ঞতা এবং আন্তরিক ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনা শেষে ২১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। যা অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ মোঃ জিল্লুর রহমান (অবঃ), বাড়ী # ১৮৫, রোড # ০২ প্রস্তাব করেন এবং লেঃ কর্নেল মোঃ শফিউল ইসলাম (অবঃ), বাড়ী # ৪৫০/১, রোড # ০৮ সমর্থন করেন। কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো।**

<u>আলোচ্যসূচি-০৫ : বার্ষিক প্রতিবেদন উপস্থাপন এবং গ্রহণ (০১ জানুয়ারী ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫)।</u>

৯. গত বার্ষিক সাধারণ সভা থেকে নবনির্বাচিত পর্ষদ মূলত চলমান উন্নয়নমূলক কাজ, ডিওএইচএস নিরাপত্তা, সাধারণ পরিচ্ছন্নতা, ট্রাফিক ব্যবস্থাপনা, সৌন্দর্য্যবর্ধন কাজ এবং অন্যান্য ক্ষেত্রে নিয়োজিত রয়েছে। সম্মানিত বাসিন্দা ও তাদের পরিবারের মধ্যে সামাজিক বন্ধন গড়ে তোলার জন্য প্রচুর প্রচেষ্টা নেওয়া হয়েছে এবং হচ্ছে। বর্তমান পর্ষদ বাসিন্দাদের সদয় সমর্থন এবং সহযোগিতায় পরিস্থিতির আরও উন্নতির জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

১০. **সুধিবৃন্দ, ডিওএইচএস পরিষদের কার্যক্রম এবং উন্নয়ন কাজ সম্পন্ন/অগ্রগতি, চলমান প্রকল্প ও প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প নিম্নে দেয়া হলোঃ**

**বাস্তবায়িত প্রকল্প ঃ**

ক। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা এর মাধ্যমে ১ নং রোডের পশ্চিম পার্শ্ব, ৪ নং রোডের পশ্চিম অংশ এবং নর্দান রোডের কার্পেটিং এর কাজ সম্পন্ন হয়েছে।

খ। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বারিধারা গেট থেকে অনন্যা শপিং কমপ্লেক্স হয়ে ইঞ্জিনিয়ার ব্রিগেড জংশন পর্যন্ত সড়কের পটহোল মেরামত করা হয়েছে। সম্পূর্ণভাবে বর্ষা মৌসুমের পূর্বেই সম্পূর্ন রোডটি কার্পেটিং এর ব্যাপারে প্রস্তুতি চলেছে।

গ। বারিধারা ডিওএইচএস এলাকার প্রত্যেক রোডে পূর্বের স্থাপিত ৭৮টি ২ মেগাপিক্সেল পুরাতন ক্যামেরা পরিবর্তন করে নতুন ৪ মেগাপিক্সেল সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এছাড়া ৬ নম্বর রোড হতে ১২ রোড পর্যন্ত পূর্ব পার্শ্বের বাউন্ডারী এলাকার এবং ওয়াই জংশন হতে ট্রানজিট ক্যাম্পের মধ্যবর্তী পর্যন্ত নিরাপত্তার জন্য ১৮টি নতুন ৪ মেগাপিক্সেল সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

ঘ। স্কুল গেট থেকে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত সড়কের মধ্যবর্তী সংকীর্ণ অংশ ২৪ কনস্ট্রাকশন ব্রিগেড কর্তৃক প্রশস্ত করণের কাজ অতিদ্রুত সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। স্টাফ রোডের লেভেল ক্রসিং দিয়ে চলাচলের অনুপযোগী ছিল। যোগাযোগের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।

ঙ। বিভিন্ন পয়েন্টে কর্তব্যরত নিরাপত্তা রক্ষীদের মধ্যে যোগাযোগ স্থাপনের ও নিরাপত্তা জোরদার করার জন্য ১৪টি নতুন ওয়ারলেস সেট ক্রয় করা হয়েছে।

চ। ফিটনেস সেন্টারে পুরুষ ও মহিলা অংশে ৬টি জীম সরঞ্জামাদি যথা ক্যাবল ক্রসওভারস, ডিপ/চিন এ্যাসিস্ট, লেট পুল, সুপার স্কয়াট, কাল লেগ এবং স্মীদ মেশিন ক্রয় করা হয়েছে।

ছ। মসজিদের PA system এর জন্য ২টি ৫০০ ওয়াট Amplifier ক্রয় করে Standby system তৈরী করা হয়েছে এবং একটি Digital Analyzer সংযোগ করে সাউন্ড সিস্টেম এর উন্নতি সাধন করা হয়েছে।

জ। Handicapped/Wheel Chair bound মুসল্লিদের নামাজ আদায়ের সুবিধার্থে একটি র‍্যাম্প তৈরী করা হয়েছে। ৬টি Bag Locker এবং ৩৬টি Shoe Locker সহ ২টি Shoe Rack তৈরী করা হয়েছে।

ঝ। বারিধারা ডিওএইচএস ড্রেনেজ সিস্টেম পরিস্কারের কাজ ক্যান্টনমেন্ট বোর্ডের ব্যবস্থাপনায় সম্পন্ন করা হয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কর্তৃক সিকিউরিটি ব্যারাক ভবন মেরামত ও রং করণ এবং রান্নাঘর, টয়লেট, বারান্দা ও গোসলখানার হাউজে টাইলস্ স্থাপন করা হয়েছে।

ঞ। বারিধারা ডিওএইচএস পরিষদ এর সিসি ক্যামেরা কন্ট্রোল রুমে মনিটর করার জন্য একটি নতুন ৫০” (ইঞ্চি) টিভি ক্রয় করা হয়েছে যা বর্তমানে নিরাপত্তা ব্যবস্থা উন্নতি করেছে।

ট। পরিষদের অনুরোধে সিএসডি কর্তৃক ফিজিওথেরাপি সেন্টারে একটি বেড ও একটি ট্রেডমিল স্থাপনের পরিমাণ জায়গা বৃদ্ধি করা হয়েছে। সর্ম্পূন স্থানটি নন সিলিপারি দেখতে সুন্দর এমন ম্যাট দ্বারা আচ্ছাদন করা হয়েছে।

ঠ। ০৯নং রোডের ৫১১ নম্বর বাড়ীর পূর্বে খালি স্থানটি ময়লার ভাগাড় হিসেবে ব্যবহৃত হচ্ছিল। সৌন্দর্য্যবর্ধন ও রাইড/খেলনা সামগ্রী স্থাপনের মাধ্যমে স্থানটিতে একটি শিশু পার্ক স্থাপন করা হয়েছে। এছাড়াও উক্ত স্থানে সিসি ক্যামেরা, লাইট, ঘাস লাগিয়ে সৌন্দর্য্য বৃদ্ধি করা হয়েছে।

ড। পুকুর পাড় এলাকার শিশু পার্কে আধুনিক মানের একটি রাইড স্কোয়াড্রন লিডার এএসএম আব্দুল মতিন (অবঃ), বাড়ী # ৫২২, রোড # ১০ এর অর্থায়নে স্থাপন করা হয়েছে এবং ০২টি উন্নতমানের রাইড ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্থাপন করা হয়েছে।

ঢ।  বারিধারা ডিওএইচএস এলাকার পরিবেশকে দূষণমুক্ত ও পরিস্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে **'টিএডি গ্রুপ'** কর্তৃক ২৬০ লিটারের দৃষ্টিনন্দন ও ভালো মানের ৬৩টি ডাস্টবিন প্রদান করা হয়েছে যা প্রত্যেক রোড, পার্ক এলাকা ও বিভিন্ন স্থানে স্থাপন করা হয়েছে। এছাড়া বারিধারা ডিওএইচএস এর পার্ক এলাকায় ৩০টি মাঝারী আকারের ডাস্টবিন স্থাপন করা হয়েছে।

ণ। পুকুর পাড়ের ওয়াকওয়ে, বেঞ্চ ও দোলনার প্লাটফর্মের ভাঙ্গা টাইলস অপসারন করে নূতন প্রতিস্থাপন করা হয়েছে। শিশু পার্ক, ফুটবল মাঠ, ফ্রি হ্যান্ড ফিটনেস এলাকায় ও বাস্কেটবল মাঠে পর্যাপ্ত এলইডি লাইট লাগানো হয়েছে।

ত। অত্র ডিওএইচএস এর প্রবেশ পথে/স্কুল গেট এর সামনে আলোকিত ও সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে স্পন্সর ও নিজেদের অর্থায়নে পুরাতন পিলারগুলো উপরে বর্ধিত করণ, টাইলস স্থাপন এবং প্রয়োজনীয় সংখ্যক নীল রং এর লাইট স্থাপন করা হয়েছে।

থ।  বারিধারা ডিওএইচএস এর বাৎসরিক ম্যাগাজিন "দীপশিখা"- ১১ সংখ্যা প্রকাশিত হয়েছে।

দ। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক জোয়ারসাহারা গেট হতে ১৩ নম্বর রোড পর্যন্ত পূর্ব পার্শ্বের বাউন্ডারী দেওয়ালের প্লাষ্টার ও রং করা হয়েছে। বারিধারা ডিওএইচএস ওয়াই জংশনে (গার্ড পোস্ট সংলগ্ন) ময়লা আবর্জনা ফেলা ও স্তুপকৃত স্থানটি কক্রিট ফেন্সসহ স্থায়ীভাবে নির্মাণের কার্যক্রম ক্যান্টনমেন্ট বোর্ডের সক্রিয় বিবেচনাধীন।

ধ।  যোগাযোগের মাধ্যমে বার্জার পেইন্ট কর্তৃক বারিধারা গেটটির সৌন্দর্য্যবর্ধন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

**<u>চলমান প্রকল্প ঃ</u>**

১।  ১নং রোডের পূর্ব পার্শ্ব এবং ইর্ষ্টান রোডের কার্পেটিং এর কাজ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অতিশীঘ্র শুরু হবে। এ ব্যাপারে যোগাযোগ অব্যাহত আছে।

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বারিধারা গেট থেকে অনন্যা শপিং কমপ্লেক্স হয়ে ইঞ্জিনিয়ার ব্রিগেড জংশন পর্যন্ত সড়কটিতে কার্পেটিং এর কাজ বর্ষা মৌসুমের আগে সম্পন্ন হবে। চীফ ইঞ্জিনিয়ার ব্রিগেডিয়ার জেনারেল মঈনউদ্দিনের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করা হচ্ছে।

৩। পরিষদ প্রেসিডেন্ট কর্তৃক মাননীয় সেনাপ্রধানকে পত্র লিখার প্রেক্ষিতে এবং সেন্ট্রাল কমিটির সভার সিদ্ধান্তের আলোকে অনুদান হিসাবে অত্র ডিওএইচএসকে একটি নতুন এ্যাম্বুলেন্স প্রদানের প্রতিশ্রুতি দেয়া হয়েছিল। তারই ধারাবাহিকতায় এবং প্রতিনিয়ত যোগাযোগের মাধ্যমে গত ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে নতুন অত্যাধুনিক এ্যাম্বুলেন্সটি অত্র পরিষদকে হস্তান্তর করা হয়েছে যা অত্র এলাকার বাসিন্দাদের যথেষ্ট উপকারে আসবে।

৪। মসজিদের উত্তর পার্শ্বের Hard Standing এ বৃষ্টির সময় নামাজ আদায়ের সুবিধার জন্য Mechanically Removable তেরপাল স্থাপনের কাজ সক্রিয় বিবেচনাধীন।

**<u>প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প ঃ</u>**

১। বারিধারা ডিওএইচএস জামে মসজিদের জন্য একটি সুদৃশ্য মিনার নির্মাণের জন্য জেনারেল বডির অনুমোদনের প্রস্তাব করা হলো। মসজিদের নীচতলায় ৪টি এসি স্থাপন ও ৮৯টি বৈদ্যুতিক পাখা পরিবর্তনের প্রস্তাব করা হলো।

**সিদ্ধান্ত ঃ General Body এর সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়। ব্রিগেঃ জেনাঃ মোঃ জিল্লুর রহমান (অবঃ), বাড়ী # ১৮৫, রোড # ০২ বড় ধরণের ক্রয়ের ক্ষেত্রে নিউজ পেপারে টেন্ডার বিজ্ঞপ্তি দেয়ার বিষয়টি বিবেচনায় নেয়ার প্রস্তাব করেন।**

২। বারিধারা ডিওএইচএস এর সম্মানিত বাসিন্দাদের অনেক দিনের দাবি ও আকাঙ্খা শিশুদের জন্য একটি সুইমিং পুল নির্মাণ। বিষয়টি বিভিন্ন সময়ে বার্ষিক সাধারণ সভায় উত্থাপিত হয়েছে। সুইমিং পুল এর স্থান ডিওএইচএস মাস্টার প্লানে অন্তর্ভূক্ত করার জন্য মন্ত্রাণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং এ ব্যাপারে পত্রালাপ চলছে। মাস্টার প্লানে অন্তর্ভূক্ত করার জন্য আরও ২ মাস অপেক্ষা করা হবে। মন্ত্রণালয়ের অনুমতি পেতে বিলম্ব হলে সেনাসদরের

অনুমোদন নিয়ে স্পন্সর এবং পরিষদের অর্থায়নে তা নির্মাণ করা হবে। এ ব্যাপারে আপনাদের সদয় সম্মতি আবশ্যক।

**সিদ্ধান্ত ঃ General Body প্রস্তাবটির ব্যাপারে সম্মতি জ্ঞাপন করেন। অনুমোদিত হলো।**

৩। বারিধারা ডিওএইচএস এর সম্মানিত বাসিন্দাদের চাহিদা ও ফিটনেস সেন্টারে সদস্য সংখ্যা ও ব্যায়াম সামগ্রী বৃদ্ধি পাওয়ার কারণে ফিটনেস সেন্টারের বিদ্যমান কাঠামো উপরের দিকে সম্প্রসারণ করে দো'তলা পুরুষ সদস্যদের ব্যায়ামের জন্য, নীচতলার দুই তৃতীয়াংশ মহিলা সদস্যদের ব্যায়ামের জন্য এবং অবশিষ্ট অংশ ড্রিংকস কর্ণার হিসেবে ব্যবহার করার নীতিগত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। নীচের অংশে স্টীম বাথের ব্যবস্থা থাকবে।

**সিদ্ধান্ত ঃ General Body এর সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়।**

৪। পরিষদ, মসজিদ এবং কনভেনশন সেন্টার তহবিলের মাধ্যমে ক্রয়কৃত সম্পত্তি সমূহের মূল্যের (asset value) সমন্বয় সাধন করা প্রয়োজন। এ ব্যাপারে আপনাদের অনুমোদন ও আপডেট করার জন্য কিছু amount এর write off করার প্রস্তাব করা হয়। ট্রেজারার তাঁর বক্তব্যে বিস্তারিতভাবে অবহিত করেন।

**সিদ্ধান্ত ঃ General Body এর সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়।**

৫। পুরাতন এ্যাম্বুলেন্সটি নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে বিক্রয় করার এবং একটি নতুন মিনি ট্রাক ক্রয়ের প্রস্তাব করা হলো। পুরাতন এ্যাম্বুলেন্স এর বিক্রয়কৃত অর্থ নতুন ট্রাক ক্রয়ে সমন্বয় করা হবে।

**সিদ্ধান্ত ঃ General Body এর সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়। উক্ত কার্যক্রম সম্পন্নের জন্য একটি অফিসার্স বোর্ড গঠন করা হবে।**

১১. <u>অলটারনেটিভ ডিস্পিউট রেজুলিউশন (এডিআর) সাব-কমিটি ঃ</u> পরিষদের জন্য আরবিট্রেশন/শালিস ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ। উক্ত কমিটি বাসিন্দাদের মধ্যে বিভিন্ন ধরণের বিরোধের/মামলার শান্তিপূর্ণভাবে সমাধানের এবং নিষ্পত্তির চেষ্টা করে থাকে। গত বছরে (অর্থাৎ ২০২৫ সালে) এডিআর কমিটি বেশ কয়েকটি সভার মাধ্যমে ৪৪টি মামলার (অভিযোগ/আবেদন/সমস্যার) মধ্যে ২৬টি সমাধান করতে সক্ষম হয়েছে। ০৯টি প্রক্রিয়াধীন রয়েছে। ০৭টি সেনাসদর/ এমইওতে সিদ্ধান্তের জন্য পাঠানো হয়েছে। ০২টি কেস উভয়পক্ষের অসহযোগিতার কারণে অনিষ্পত্তি অবস্থায় বন্ধ করা হয়।

১২. <u>নিরাপত্তা ঃ</u> বারিধারা ডিওএইচএস এর নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। নির্বাহী কমিটি সকল ধরণের জন-সচেতনতা, উন্নয়ণ ও সেবামূলক কার্যক্রম গ্রহণে যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। নিরাপত্তা প্রহরীদের দায়িত্ব ও কর্তব্যে অধিকতর মনোযোগী ও দায়িত্বশীল করার জন্য গত ২০ ডিসেম্বর ২০২৫ তারিখে একটি দরবার অনুষ্ঠিত হয়। উক্ত দরবার অনুষ্ঠানে ডিউটির ব্যাপারে বিভিন্ন দিক নির্দেশনা ও অনাকাংখিত/বিশৃঙ্খল ঘটনায় ধৈর্য্য ধারণের পরামর্শ প্রদান করা হয়। যার ফলশ্রুতিতে নিরাপত্তা প্রহরীগন উম্মুক্ত স্থানে ধুমপান প্রতিরোধ, পার্কিংয়ে শৃঙ্খলা আনয়ন, হর্ণ বাজানো উল্লেখযোগ্য অবস্থায় কমিয়ে আনা ও অন্যান্য নির্দেশনা বাস্তবায়নে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। কর্তব্যে অবহেলা ও শৃঙ্খলাজনিত কারণে যেকোনো গার্ড বা সুপারভাইজারকে অপসারণ করা হচ্ছে। ডিউটি জোরদার করার লক্ষ্যে ৩টি টহল ২৪ ঘন্টা মোটরসাইকেলে এবং ওয়াকিটকি সেটে ও মোবাইলে সক্রিয় রয়েছে। বাসিন্দাগণ সহযোগিতার জন্য যোগাযোগ করলে তারা এক/দুই মিনিটের মধ্যে যেকোনো স্থানে পৌঁছে যাচ্ছে। বাড়ী নং ৪৮৬, রোড নং ০৮ এর নীচতলা ও ২য় তলায় 'সম্ভব টেকনোলজিস লিঃ' নামে একটি অফিস রয়েছে যেখানে প্রায় ৭০ জন কর্মকর্তা ও কর্মচারী কাজ করেন মর্মে তথ্য রয়েছে যা অস্বাভাবিক হিসেবে বিবেচ্য। ২০২৫ সালের ডিসেম্বর মাসে উক্ত অফিসের কর্মচারীরা অনেক সংখ্যক মটর সাইকেল সড়কের মাঝে পার্কিং করায় পরিষদ সিকিউরিটি গার্ডদের সাথে একটি অপ্রত্যাশিত ও অনাকাংখিত ঘটনা ঘটে যা আলোচনা/সমন্বয়ের মাধ্যমে তাৎক্ষনিকভাবে উভয়পক্ষের সম্মতিতে নিস্পত্তি করা হয়। বাড়ীর মালিক নিজ ফ্ল্যাটে অবস্থান করলেও পরিস্থিতি নিয়ন্ত্রনে ঘটনাস্থলে আসেননি এবং সুপারভাইজাদের ফোন রিসিভ করেননি। সভায় উপস্থিত থাকলেও শান্তিপূর্ণ সমাধানে সহযোগিতা না করে সেনাসদরের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অভিযোগ দায়ের করেন (স্লাইড) এবং বাসিন্দাদেরকে অবৈধভাবে পরিচালিত সোস্যাল মিডিয়ার মাধ্যমে অভিযোগ নামায় স্বাক্ষরের জন্য আহবান জানান

যদিও সচেতন বাসিন্দাগন তাতে কোন সাড়া দেননি। এছাড়া দুই একটা অনাকাংখিত ঘটনা ছাড়া আর কোন ধরণের ঘটনা ঘটেনি। এখানে উল্লেখ্য যে, ডিওএইচএস এর নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও শক্তিশালী করার লক্ষ্যে ঘাটতিকৃত ৪ জন সুপারভাইজার ও ১৮ জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হয়েছিল। সুপারভাইজারগণ ভালো

চাকুরী পাওয়ার পুনরায় ঘাটতি সৃষ্টি হয়েছে যা পুরণের ব্যবস্থা নেয়া হয়েছে।

- **লেঃ কর্নেল এএসএম মোজাম্মেল হক (অবঃ), বাড়ী # ৪৪৮, রোড # ০৭ এর পুত্র মাহমুদুল হক আজাদ উপস্থাপন করেন যে, টহল ডিউটিগনের ইউনিফর্মের সাথে বডি ক্যামেরা লাগানোর প্রস্তাব করেন। যেটা যেকোন সংঘটিত ঘটনার সত্যতা উৎঘাটনে সহায়ক ভূমিকা রাখবে।**

১৩. **<u>ট্রাফিক ব্যবস্থা ঃ</u>** পূর্বের কমিটির সময়ের ট্রাফিক চলাচল ব্যবস্থাপনায় কোন পরিবর্তন আনা হয়নি। শুধুমাত্র বাইরের রিক্সার প্রবেশ বন্ধ করা হয়েছে (অটো ও প্যাডেল রিক্সা)। মটর সাইকেলের জন্য স্টীকার প্রদান করা হচ্ছে। অনন্যা গেট দিয়ে আমাদের বাসিন্দাদের ঝামেলামুক্ত বের হওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৫নং রোড সংলগ্ন মেইন রোডের মাঝখানের এবং স্কুল গেটের কিছু অংশে রেলিং স্থাপন করা হয়েছে। এতে বাসিন্দারা উপকৃত হচ্ছেন। ভিআইপিদের চলাচল বা বিমানবন্দর সড়ক দিয়ে চলাচলের কারণে বিমানবন্দর সড়ক বা এর সংলগ্ন এলাকায় তীব্র যানজটের দেখা দেয় ফলশ্রুতিতে ডিওএইচএস এর মূল সড়কে যানজটের সৃষ্টি হয়। স্কুল গেট হতে ট্রানজিট ক্যাম্প পর্যন্ত সড়কের মধ্যবর্তী সংকীর্ণ থাকায় দীর্ঘদিন থেকে যানবাহন চলাচলে অসুবিধা হচ্ছিল যা যোগাযোগ ও প্রচেষ্টার মাধ্যমে প্রসস্থ করণের কাজ সম্পন্ন করা হয়েছে। সড়কে যাতে মটর সাইকেল পার্ক না করা হয় তার সুবিধার্থে ৫ নং রোডের (আম বাগানে) টোকেনসহ একজন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হয়েছে। সবাইকে রোডের মধ্যে পার্কিং নিরুৎসাহিত করা হলো।

১৪. **<u>মেডিকেল সেন্টারের সেবা কার্যক্রম ঃ</u>** আমাদের দৈনন্দিন জীবনের চাহিদা মিটাতে এটি অনেক সহায়ক ভূমিকা পালন করছে। Physiotherapy Service টি সম্পর্কে আমাদের অনেক সম্মানিত সদস্য ভূয়সী প্রশংসা করেছেন।

ক। বারিধারা ডিওএইচএস এর বাসিন্দাদেরকে দক্ষ ফিজিওথেরাপিস্ট দ্বারা প্রতি শনিবার, সোমবার, বুধবার এবং বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সেবা প্রদান করা হচ্ছে।

খ। ২ জন অভিজ্ঞ ডাক্তার শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অত্র এলাকার বাসিন্দাদের কেয়ারটেকার, সিকিউরিটি গার্ড, ড্রাইভার ও গৃহকর্মীদের চিকিৎসা দিয়ে থাকেন।

গ। বাসিন্দাদের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ফিজিওথেরাপি সেন্টারে ১টি বেড ও ট্রেডমিল স্থাপনের জায়গা বাড়ানো হয়েছে।

- **General Body বারিধারা ডিওএইচএস এ অবস্থিত সিএসডি'র ফার্মেসী ২৪ ঘন্টা খোলা রাখার প্রস্তাব করেন তবে সম্ভব না হলে অন্ততঃ রাত ১২ টা পর্যন্ত খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পরিষদ নির্বাহী কমিটিকে অনুরোধ করেন।**

১৫. **<u>ডিওএইচএস এর দোকানপাট ঃ</u>** ক্যান্ট বোর্ডের সহায়তায় অননুমোদিত দোকানগুলি বন্ধ করার জন্য ধারাবাহিক ভাবে অভিযান পরিচালিত হচ্ছে এবং সংশ্লিষ্ট দোকান বন্ধ করা হচ্ছে। অনেকে অননুমোদিত এবং নিষিদ্ধ জিনিসপত্র বিক্রি না করার অঙ্গীকার করে দোকানের কার্যক্রম পরিচালনা করছেন। অনেক দোকানে সিগারেট বিক্রি হচ্ছে বলে জানা যায়। ক্যান্টনমেন্ট বোর্ড ও পরিষদ অননুমোদিত দোকান উচ্ছেদে সকল সদস্যের সহযোগিতা কামনা করা হচ্ছে।

১৬. **<u>সমাজবিরোধী কার্যকলাপ</u> ঃ** সামাজিক/জনসাধারণের এই ধরণের কার্যকলাপের/উপদ্রব নিয়ন্ত্রণে পরিষদ সর্বাত্মক চেষ্টা করে যাচ্ছে। কিছু বাড়িতে গোপনে অসামাজিক কার্যকলাপ পরিচালিত হতে পারে। প্লট/ফ্ল্যাট মালিকদের অনুরোধ করা হচ্ছে যে, তারা যদি এই ধরণের কোনও তথ্য জানেন তবে মেম্বার সিকিউরিটি ও টহল দলকে অবহিত করেন।

১৭. **<u>রিক্সা</u> ঃ** শেওড়া রেলগেট থেকে বারিধারা গেট এবং ডিওএইচএস এর অভ্যন্তরে ২৭০টি রিক্সা চলাচলের অনুমতি দেয়া হয়েছে। এক বছরের জন্য ৫জন ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। নির্বাহী কমিটি কর্তৃক ভাড়া নির্ধারণ করা হয়েছে। রিক্সা ভাড়ার হার নির্ধারণ এবং প্রচার করা হয়েছে। কোন রিক্সা চালকের বিরুদ্ধে অভিযোগ থাকলে তার কটি নম্বর উদ্ধৃত করে পরিষদে মেম্বার সিকিউরিটিকে অবহিত করার জন্য বাসিন্দাদের অনুরোধ করা হচ্ছে।

১৮. **ডিওএইচএস এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা ঃ** দ্বিতীয় অগ্রাধিকার মূলক কাজ হিসেবে ডিওএইচএসকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারে মেম্বার এ্যাডমিন ২৬ জন পরিচ্ছন্নতাকর্মীর মাধ্যমে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। ভবিষ্যতে নাগরিক সুবিধা বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত থাকবে। মালী ও ক্লিনারগন পরিষ্কার পরিচ্ছনার ব্যাপারে তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে যাচ্ছে যাতে পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে কোন অভিযোগ উত্থাপিত হতে না পারে।

**আলোচ্যসূচি - ০৬ : Presentation and Adoption of Audit Report, Balance Sheet & Statement of Account - 2025.**

১৯. The Treasurer, Gp Capt SMA Khalid, ndu, psc (Retd) presented the Reconciliation of Assets/Property values, Depreciation, Receipts & Payment, Income & Expenditure, Balance sheets, Audit Reports and Budgets of Porishod fund, Masjid fund, Convention Centre fund and Masjid Reconstruction fund . He said that during last 12 months the previous EC and the currant EC Committees have taken up and completed some account related development works which have been mentioned by the Secretary in his report. The detailed financial statements were circulated to the members in advance for study. We have tried to fulfill our commitments ensuring accuracy and transparency while expending the Porishod money remaining within constitutional bindings.

18. AGM being for the year 2025, the financial statement along with the fund position for the year ending 31st December 2025 are presented before you for your kind information:

a. **Porishod Fund :**

| | | |
|---|---|---|
| (1) | Reconciliation of Assets/Property value. | Anx - A |
| (2) | Depreciation of Assets/Property value. | |
| (3) | Receipts & Payment during the year 2025. | |
| (4) | Income and Expenditure during the year 2025. | |
| (5) | Balance sheet for the year 2025. | |

b. **Masjid Fund:**

| | | |
|---|---|---|
| (1) | Reconciliation of Assets/Property value. | Anx - B |
| (2) | Depreciation of Assets/Property value.2025. | |
| (3) | Receipts & Payment during the year 2025. | |
| (4) | Income and Expenditure during the year | |
| (5) | Balance sheet for the year 2025. | |

c. **Convention Centre Fund :**

| | | |
|---|---|---|
| (1) | Reconciliation of Assets/Property value. | Anx - C |
| (2) | Depreciation of Assets/Property value. | |
| (3) | Receipts & Payment during the year 2025. | |
| (4) | Income and Expenditure during the year 2025. | |
| (5) | Balance sheet for the year 2025. | |

d. **Masjid Reconstruction Fund :**

| | | |
|---|---|---|
| (1) | Balance sheet. | Anx - D |

e. **Audit Reports :**

(1) Audit Report for the period 01 July to 31 December 2024.
(2) Audit Report for the period 01 January to 30 June 2025.
Anx - E

**আলোচ্যসূচি - ০৭ : Presentation and Adoption of Budget for the Year 2026.**

20. The Porishod maintains 4 funds i.e Porishod fund, Masjid fund and Convention Centre fund and Masjid reconstruction fund separately. As such the separate budget has been prepared for better understanding. The heads of proposed budgets are changed some times on requirement basis. The proposed budget for 2026 has been prepared keeping all the past activities in mind and considering future requirements. The proposed Budget for 2026 was placed to the General Body for approval (Porishod, Masjid and Convention Centre fund at Anx - F)

**Decision:** Gp Capt S M A Khalid, ndu, psc (Retd) Treasurer, presented the (agenda 7 & 8) Adoption of Statement of Account, Balance sheet & Audit Report- 01 July to 31 December 2024 & 01 January to 30 June 2025 and Budget for the Year 2026 approval of General body. Some discussions were there by a few members present. Maj Khalil Ahmed Khan, psc (Retd), House # 263, Road # 03, requested that all the accounting documents including the Porishod Audit Report, Balance sheet and Statement be kept in print copies at the Porishod office so that if anyone wants to take a hard copy, he can take it and if he want to see it, he can see it. Everyone agreed to this. As there were no other observations, Col Khondoker Borhan Uddin Ahmed (Retd), House # 398, Road # 06 proposed and Brig Gen Farid Uddin Bhuiyan (Retd), House # 249, Road # 03 seconded for the adoption of Assets/Property values, Deprecation, Receipts & Payment, Income & Expenditure, Balance sheets, Audit Reports and Budget for the Year 2026 (anx- A to anx-F) thereby were unanimously approved by General Body.

**আলোচ্যসূচি - ০৮ : Appointment of Auditor for the year 2026.**

21. Now I will propose for appointing the Local Audit Committee as per DOHS Constitution for 4 (Four) Funds for the year 2026. The local Audit Committee shall be composed as proposed by you. It is Preferable that the President and Members should be from 3 Services and may also be from civilian regular members. May I now request you to please propose first the President.

| | |
|---|---|
| President : | Cdre Muhammad Azizur Rahman, BN (Retd)<br>House # 539, Road # 11 |
| Member - 1 : | Gp Capt Muhammad Humayun Kabir (Retd)<br>House # 325, Road # 05 |
| Member - 2 : | Maj Khalil Ahmed Khan, psc (Retd)<br>House # 263, Road # 03 |
| Member - 3 : | Kaniz Fatema Lima<br>House # 520, Road # 10 |

**• The above committee will complete the audit work for the last 6 months from 01 July to December 2025.**

**আলোচ্যসূচি - ০৯ : Points received from the Hon'ble Members with our Remarks:**

22. The following points and suggestions have been received from the Hon'ble Members of DOHS:

**পয়েন্ট - ১। ডাঃ ফারহা আন্দালিব, বাড়ী # ৩৯৫, রোড # ০৬, বারিধারা ডিওএইচএস**

ক। আমি নিম্নস্বাক্ষরকারী, বাসা নং-৩৯৫, রোড নং-৬ এর উত্তরাধিকার সূত্রে মালিক। আমার বাড়ির উত্তর-পশ্চিম কোণে পানি নিষ্কাশনের জন্য যে ড্রেন থাকার কথা সেটা নাই। এতে বর্ষা কালে বৃষ্টির পর পানি জমে থাকে এবং বেশি পানি হলে বাসার মধ্যে পানি ঢুকে যায়। ড্রেন এর জায়গাটা কোন কারনে মাটি বা সিমেন্ট দিয়ে বন্ধ করা। ড্রেন টা সচল করা জরুরী। এ ব্যাপারে সদয় দৃষ্টি দেয়ার অনুরোধ করছি।

খ। আমার বাসায় প্রথম ও দ্বিতীয় তলায় আমি একটি "ওল্ড হোম" নির্মাণ করতে চাচ্ছি যেখানে বৃদ্ধ বাবা মায়েরা সাশ্রয়ী মূল্যে থাকতে পারবেন। আমাদের অনেকেরই ছেলে মেয়েরা বাহিরে থাকে বাবা বা মা একা বাসায় দিনাতিপাত করেন। এমন অবস্থায় উনারা চাইলে স্বল্প বা দীর্ঘ সময়ের জন্য এই "ওল্ড হোম" ব্যবহার করতে পারবেন। আমি মূলত রিটায়ারড আর্মি অফিসার ও লেডি ওয়াইফ দের নিয়ে এই প্রকল্প শুরু করতে চাচ্ছি। এ ব্যাপারে অনুমতি পাওয়ার ব্যাপারে আমাকে সহায়তা করবেন।

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

ক। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য পত্র লিখা হয়েছে।

খ। এটি একটি মহতি উদ্যোগ। 'ওল্ড হোম' নির্মাণের ব্যাপারে অত্র পরিষদ কর্তৃক অনুমতি দেয়ার কোন এখতিয়ার নেই। এ ব্যাপারে সেনাসদর বা ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে যোগাযোগ করা যেতে পারে। পরিষদ এ ব্যাপারে সহায়তা প্রদান করবে।

**সিদ্ধান্ত ঃ General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করে।**

**পয়েন্ট - ২। ব্রিগেডিয়ার জেনারেল মুহম্মদ মুজিবুর রহমান, বীর বিক্রম (অবঃ), বাড়ী # ৪০৮/৯, রোড # ০৭, বারিধারা ডিওএইচএস**

ক। গত ১৬/১২/২০২৫ তারিখে মহান 'বিজয় দিবস" উদ্যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় একটিতে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা দেয়া হয়। নিঃসন্দেহে দেশের সূর্যসন্তানদের এ ভাবে সম্মানিত করা খুবই একটি গর্বের ও কাঙিখত ব্যবস্থা। এ ধারা যেন অব্যহত থাকে। সেই সাথে আমাদের এটাও মনে রাখতে হবে যে, "স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা আরও কঠিন কাজ"। কেননা স্বাধীনতা-উত্তর দেশের সামরিক বাহিনীকে যুগের অগ্রগতির সাথে তাল রেখে কঠিন থেকে কঠিনতর চ্যালেঞ্জের মোকাবেলা করতে হয়। আমার অনুরোধ থাকবে সামরিক বাহিনীর যে সকল সদস্যবৃন্দ স্বাধীনতা-উত্তর দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বিভিন্ন অপারেশনে (পার্বত্য চট্টগ্রাম ও জাতীসংঘ মিশনসহ) বীরত্বপূর্ণ কাজের জন্য সাহসিকতা পুরষ্কার পেয়েছেন, তাদেরকেও এসকল প্রোগ্রামে সম্মানিত করা হোক। এ ধরনের সদস্যবৃন্দের সংখ্যা আমাদের এই ডিওএইচএস-এ কম নয়।

খ। ডিওএইচএস পরিষদের সংবিধান ও বিভিন্ন অফিসিয়াল নথিপত্রে এই ডিওএইচএস-কে "বারিধারা ডিওএইচএস" হিসেবে নামকরণ করা হয়েছে। আপাতদৃষ্টিতে "বারিধারা" কথাটি প্রথমে বসায় আমরা অনেকে মনে করি এতে আভিজাত্যের দিক থেকে এই ডিওএইচএস-এর কদর বেড়েছে। কথাটি হয়তোবা সত্য, তবে বাস্তবতা হচ্ছে এতে সঠিক ঠিকানা নির্ধারণে অত্র এলাকার বাইরে থেকে আগত ব্যক্তিবর্গ/কুরিয়ার/হোম ডেলিভারী ইত্যাদী সার্ভিসসমূহ প্রায়শঃই ভুল ক'রে বারিধারা ডিপ্লোমেটিক জোনে গমন করছে। আমার নিজের ক্ষেত্রে বেশ কয়েকবার এ ধরনের ভ্রান্ত ডেলিভারীর ঘটনা ঘটেছে। ডিওএইচএস সমূহ এমনিতেই স্বমহিমায় একটি অনন্যসাধারণ Community living space বলে স্বীকৃত। কাজেই আমাদের অন্যকোন ট্রেডমার্কের প্রয়োজন নেই। আমি মনে করি, আমাদের স্বকীয়তা রক্ষার্থে ও ঠিকানার বিভ্রান্তি

এরাতে আমাদের এই ডিওএইচএসসহ সকল ডিওএইচএস এর নামকরণে" ডিওএইচএস" শব্দটিকে Suffix নয়, Prefix হিসাবে ব্যবহার করা উচিৎ। আমার অনুরোধ থাকবে সন্মানিত সদস্যদের সম্মতি সাপেক্ষে বিষয়টি সেনাসদরের সাথে উত্থাপন করা যেতে পারে।

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

ক। এ ব্যাপারে জেনারেল বডি সিদ্ধান্ত নিতে পারেনা। প্রস্তাবের সাথে মেজরিটি সংখ্যক সদস্য একমত হলে পরিষদ পরবর্তী পদক্ষেপ গ্রহন করবে।

খ। পয়েন্টটি যুক্তিযুক্ত মনে হয়না। তবে আলোচনা হতে পারে। বারিধারা ডিপ্লোমেটিক জোন ও বারিধারা ডিওএইচএস এর মধ্যে অনেক পার্থক্য রয়েছে। বারিধারা ডিওএইচএস ঢাকা শহরের সকলের কাছে পরিচিত ও Google Map এ স্থান প্রাপ্ত।

**সিদ্ধান্ত ঃ**

**ক। এ ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য অত্র পরিষদ কর্তৃক সেনাসদর, এজি'র শাখায় পত্র প্রেরণ করা হবে।**

**খ। General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করে।**

**<u>পয়েন্ট - ৩। মোঃ রিজওয়ান হাসিব, বাড়ী # ৪৫০/৩ (ফ্ল্যাট-৫/বি), রোড # ০৮, বারিধারা ডিওএইচএস</u>**

ক। **<u>আবাসিক ভবন এবং আবাসস্থল এর পাশে অফিস ভাড়া দেয়া প্রসঙ্গঃ</u>**

১/(ক) "স্বল্প পরিসরে অফিসকে ভাড়া দেয়া যেতে পারে তবে কোন সাইনবোর্ড লাগান যাবে না"

এই নীতিমালাটি জনকল্যাণকর অন্যান্য (আবাসিক) নীতিমালার সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ এই বিষয়টি আরেকবার ভেবে দেখার প্রয়োজন রয়েছে।

১ /(খ) "স্বল্প পরিসরে অফিসকে ভাড়া দেয়া যেতে পারে তবে কোন সাইনবোর্ড লাগানো যাবে না" এইরুপ নীতিমালার অধীনে একজন ভুক্তভুগি কিভাবে প্রতিকার পেতে পারেন এইরুপ নির্দেশনা লিখিত আকারে প্রণয়নের প্রস্তাব করছি।

১/(গ) ডিওএইচএস এলাকায় যত্রতত্র বিপুল সংখ্যক পোশাক ব্যবসার সাথে জড়িত বিভিন্ন ধরনের অফিস ও বায়িং হাউজ ব্যবসা গড়ে উঠেছে। এতে আবাসিক এলাকার বৈশিষ্ট্য কমছে এবং বানিজ্যিক এলাকার বৈশিষ্ট্য বৃদ্ধি পাচ্ছে। সকল দিক বিবেচনায় রেখে এই এলাকাকে আধাঃ আবাসিক বা আধাঃবানিজ্যিক এলাকা নামকরন সংযুক্ত করার প্রস্তাব করা যেতে পারে। আবাসিক এলাকা, আবাসিক ভবন, বানিজ্যিক এলাকা, বানিজ্যিক ভবন এর সংজ্ঞা আরও পরিস্কার করা প্রয়োজন রয়েছে।

১/(ঘ) কোন আবাসিক ভবনে, একই ফ্লোরে একই সাথে, ভিন্ন-ভিন্ন মালিকানার অধীনে, একপাশে ব্যবসার উদ্দেশ্যে অফিস স্থাপন/ভাড়া প্রদান করা এবং অন্যপাশে আবাসস্থলে পারিবারিক জীবনযাপন করা কতটুকু যৌক্তিক এবং আইনসিদ্ধ তা নীতি, নৈতিকতা ও যুক্তি উপস্থাপন সাপেক্ষে আলোচনা, সিধান্ত ও নীতিমালা প্রণয়নের প্রস্তাব করছি।

১/(ঙ) আপত্তি উত্থাপন সত্তেও আবাসস্থল-এর পাশে অফিস ভাড়া দেয়া হলে, যে ক্ষেত্রে পারিবারিক মর্যাদা ও জীবনযাপন বিঘ্নিত, বাধাগ্রস্থ, ঝুঁকি বা ক্ষতির সম্ভাবনা আছে বা হয়েছে সেক্ষেত্রে কোনপক্ষ দায়বদ্ধ হবেন তা পরিষ্কার ভাবে প্রণয়নের প্রস্তাব করছি।

১/(চ) আবাসিক ভবন এবং আবাসস্থল এর পাশে কোন অবস্থায় ব্যবসা প্রতিষ্ঠান এবং অফিস ভাড়া দেয়া যাবেনা। আবাসিক ভবন সম্পূর্ণরূপে জনসাধারণের জন্য পারিবারিক পরিবেশে পরিবার পরিজন নিয়ে বসবাসের স্থান বা আবাসস্থান। অন্যভাবে বলা যায় যে, আবাসিক ভবনে ব্যবসা প্রতিষ্ঠান এবং অফিস ভাড়া দেয়া অর্থ, আবাসস্থান উচ্ছেদ/সীমিতকরণ।

১/(ছ) ডিওএইচএস পরিষদ, আবাসিক ভবন, পার্শবর্তী ফ্ল্যাট মালিক-এর বিনা অনুমতি পত্র এবং অনাপত্তি পত্র ছাড়া ব্যবসা প্রতিষ্ঠান এবং অফিস ভাড়া দেয়া যাবে না।

১/(জ) ভবিষ্যতে নতুন উদ্যোক্তা ও ব্যবসা প্রতিষ্ঠান সৃষ্টির লক্ষ্যে শুধুমাত্র প্লট-ফ্লাট মালিকরা নিজ স্থান, প্লট-ফ্লাট-এ নিজস্ব প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থানায় স্বল্প পরিসরে ব্যবহারের ক্ষেত্রে অনুমতি দেয়া যায় কিনা তা প্রণয়নের প্রস্তাব করছি। এক্ষেত্রে বারিধারা ডিওএইচএস আবাসিক এলাকায় যে কোন দ্বিতীয় বা তৃতীয় পক্ষকে অফিস বা ব্যবসা প্রতিষ্ঠান ভাড়া প্রদান করা বন্ধ করা যেতে পারে।

১/(ঝ) একটি আবাসিক ভবনে কত সংখ্যক ব্যবসা প্রতিষ্ঠান এবং অফিস ভাড়া দেয়া যাবে, উপরের ফ্লোর নাকি নিচের ফ্লোর উপযুক্ত হবে, তা ভেবে দেখার প্রয়োজন রয়েছে।

১/(ঞ) আবাসিক ভবনে অবস্থানরত অফিসের কর্মচারীরা ভবনের খোলা ছাদ ব্যবহার করতে পারবেন কিনা? আবাসিক ভবনে অবস্থানরত অফিস, অফিসের কার্যক্রম, অফিসের কর্মচারীরা কতটুকু স্বাধীনভাবে ভাড়া স্থান ব্যবহার করতে পারবেন বা কতটুকু স্বাধীন ভাবে চলাফেরা করতে পারবেন (যাহাতে সেখানে অবস্থানরত অন্যান্য ফ্যামিলি বা পারিবারিক পরিবেশের ক্ষতির কারন হতে পারে) তা নির্ণয় করার প্রয়োজন রয়েছে।

খ। **<u>মোটরসাইকেল নিবন্ধন ও স্টিকার প্রদানঃ</u>**

২/(ক) মোটরসাইকেল নির্ভর যাত্রী সেবা দিন দিন বৃদ্ধি পেয়েছে যেমন উবার, পাঠাও, ওভাই। এছাড়াও স্ব-উদ্যোগে কেউ কেউ মোটরসাইকেল নির্ভর যাত্রী সেবা দিয়ে আসছে। মোটরসাইকেলে স্টিকার, কোম্পানি মনোগ্রাম বা আলাদা কোনও বিশেষ রঙ না থাকায় তাদের চিহ্নিত করা যায় না। এতে নিরাপত্তা ঝুঁকির পাশাপাশি যাত্রী পরিবহনেও ঝুঁকি রয়েছে। ডিওএইচএস এলাকায় বসবাসকারীদের নিজস্ব মোটরসাইকেল নিবন্ধন ও স্টিকার সেবার আওতায় আনার প্রস্তাব করছি।

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

ক। বাড়ী ভাড়া এবং বিভিন্ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির সর্বশেষ সভার সিদ্ধান্ত

মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। সকল প্লট ও ফ্ল্যাট মালিকদের সর্বশেষ সিদ্ধান্ত সম্পর্কে অচিরেই জ্ঞাত করা হবে।

খ। ইতোমধ্যে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মটর সাইকেলের জন্য স্টিকার প্রদান করা হচ্ছে।

**<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনা শেষে এ ব্যাপারে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৬১তম সভার সিদ্ধান্ত সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করা হয়। তবে কিছু বিষয়/অভিযোগ রয়েছে যেগুলো case to case basis পরিষদের এডিআর কমিটি, মেম্বার সিকিউরিটি ও মেম্বার এ্যাডমিন এর মাধ্যমে সমাধান করা যায় সেগুলো এজিএম এ উপস্থাপন না করে অত্র পরিষদকে অবহিত করতে অনুরোধ করা হয় যা দায়িত্বশীল অফিসারগন কর্তৃক আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করা হবে।**

**<u>পয়েন্ট - ৪। Air Cdre (Retd) Zahed Kuddus, House # 532/1, Road # 11, Baridhara DOHS</u>**

a. Noise Abatement Policy. The DOHS is a residential area. It is understood that from time to time, residents will require to carry out renovations and construction of their flats/plots. Currently there appears to be no policy that governs the timings of these works; drilling, tile cutting, breaking of walls etc. are being done at all hours. It is proposed that the work should be restricted from 0900 hours till sunset each day. Also that such work should not be carried out on Fridays and public holidays.

b. Parking of Vehicles. Vehicles are being parked randomly in the side lanes. Some vehicles are being parked overnight. Loud talking and reving of engines at odd hours disturbs the environment. Vehicles are also being parked at the entrance of the roads which leads to cumbersome parking in the garrage of flats. The drivers of these vehicles loiter on the road side. Any attempt to ask them to move the vehicle leads to unpleasantness and the Porishod Security has to be called. This is a security hazard as well. A clear policy regarding parking is needed. Those of us renting out flats should

ensure sufficient parking space in their respective parking area. The Porishod needs to monitor such activity.

c. Renting out Flats to Commercial firms. The policy on the number of flats that can be rented out in a building to businesses needs to be clear. Building 531 on road 11 West is fully rented out to commercial concerns. Offices remain open 24/7. There is a constant flow of people and vehicles at odd hours. The building cannot accommodate the number of vehicles. They hold exhibitions displaying banners in front of the building. The very character of residential living is lost

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

ক। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের সুস্পষ্ট নীতিমালা রয়েছে। আপনার প্রতিবেশীরা নীতিমালা অনুযায়ী নির্মাণ কাজ না করলে কর্তব্যরত টহলকে খবর দিতে হবে বন্ধ করার জন্য। প্রয়োজনে নির্মাণ সামগ্রী জব্দ করা হবে। নীতিমালাটি স্লাইডে দেখানো হয়।

খ। সেনাসদরের সিদ্ধান্তের প্রেক্ষিতে পরিষদ অননুমোদিত পার্কিং এর ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করছে। প্রায়শ:ই গাড়ীতে র‍্যাকার লাগিয়ে জরিমানা করা হচ্ছে। এ চেষ্টা অব্যাহত থাকবে। ইষ্টার্ন রোড ব্যতীত অন্য রোডগুলোতে পার্কিং করা গাড়িগুলোর ব্যাপারে টহলকে জানালে ব্যবস্থা নেবে। সেনাসদরের সিদ্ধান্ত অনুসারে অফিসের সংখ্যা কমে আসলে এ ধরণের সমস্যাও অনেকাংশে কমে যাবে।

গ। বাড়ী ভাড়া এবং বিভিন্ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির সর্বশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। সকল প্লট ও ফ্ল্যাট মালিকদের সর্বশেষ সিদ্ধান্ত সম্পর্কে এজিএম এ জ্ঞাত করা হবে এবং ক্যান্টনমেন্ট কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছে।

**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করে। পরিষদ কর্তৃক যে ধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা চলমান থাকবে। উপরোক্ত পয়েন্টসমূহের ব্যাপারে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৬১তম সভার যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা উপস্থিত সকলকে অবহিত করা হয়।**

**পয়েন্ট -৫। Dr. Sabreena Ahmed, D/O: Late Brig. Gen Aftab Uddin Ahmad (Retd), House # 321/5, Road # 5, Baridhara DOHS**

a. I would request the EC to call upon audition before central cultural programmes on different occasions so that our children and grandchildren can also show their talent to the selecting committee and prepare ahead for the programme. This audition should be called in in the last week of November so that artists have time to prepare for the rehearsals in the following weeks.

b. Cultural programmes should not be consisting of the same artists or hosts chosen ONLY by the President and EC members as it does not allow many other talents to know about the rehearsals and selection process and makes the programme nonparticipatory. The host can be anyone from the community who speaks well, not only chosen from Ladies club/EC members.

c. During the handwriting competition on 21 Feb and art competition on 15th December, a rubric should be used by the judges and the rubric should be added to the art piece so that the parents don't complain that their child was misjudged. In 2024, I was the host at the event of art competition and many Lalitokola Academy parents complained that the judgement was not fair as award winners were grandchildren of

army officers. I would like to propose Ms. Sabrina Mofiz's name for creating rubrics for both the events' judgment and monitoring the judgment.

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

ক। এ ব্যাপারে পরিষদ কালচারাল সাব-কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

খ। অত্র পরিষদ বারিধারা ডিওএইচএস-এ বসবাসরত বাসিন্দাদের বিভিন্ন গুনাবলী ব্যাপারে অবগত আছে। Good performers and self-exposed residents are generally selected for various cultural programmes. যাহোক, বিষয়োক্ত ব্যাপারে আলোচনা হতে পারে।

গ। ২১ ফেব্রুয়ারির অনুষ্ঠানটি অনেক পুরাতন। বিচারের ব্যাপারে ১৬ ডিসেম্বর অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় নিযুক্ত বিচারকদের ব্যাপারে আপনার অভিজ্ঞতা শেয়ার করুন যেখানে প্রেসিডেন্ট উপস্থিত ছিলেন।

**সিদ্ধান্ত ঃ**

**ক। পরিষদ কালচারাল সাব-কমিটি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**খ। ভবিষ্যতে এ ব্যাপারে কালচারাল সাব-কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। অনুষ্ঠানের পূর্বে অনুমোদন নেয়া হবে।**

**গ। উক্ত অনুষ্ঠানসমূহের পূর্বে পরিষদ কর্তৃক বিচারক নিয়োগ করা হবে।**

**পয়েন্ট -৬। Group Captain Muhammad Humayun Kabir (Retd), House # 325 (Flat 3A), Road # 05 Baridhara DOHS**

1. Interior Decoration of Mosque.

2. Purchasing Islamic Books for Mosque.

3. Traffic Control during, before and after Jumma Prayer.

4. Arranging Eid Reunion for both Eid.

5. Making Footstall 2/3 (Mini Football) Ground with AstroTurf for different age groups.

6. Better illumination of the Basket Ball ground.

7. Provision of Bicycle track for kid.

8. Development of Children's Park with more sports facilities for kids.

9. Taking action against unauthorised parking specially on Road 5 West.

10. Sign posting for speed limit.

11. Strict compliance of existing regulations and stern action against the defaulters.

12. Taking help from Military Police and Civil Police to teach appropriate lessons to the defaulters.

13. Extension of Ladies Prayer Room to accommodate the ladies considering the Tarawee Prayer and Jumma Prayer. A door towards Southern side may be opened for their easy passage.

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

Porishod is aware of your all points and necessary actions have been taken or will be taken. About points at sl 7 & 8 we need to know more details from you for taking decision and execute those.

**সিদ্ধান্ত ঃ গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ হুমায়ুন কবির (অবঃ) কর্তৃক তার পয়েন্টসমূহের ব্যাপারে বিস্তারিত বক্তব্য শোনা হয়। তার প্রস্তাব এই যে, নীচতলা ও ২য় তলায় পার্টিশনের মাধ্যমে আলাদা করা যেতে পারে যাতে মহিলা মুসল্লিগন জুম্মা, রমজানের তারাবি সঠিক পর্দার সাথে আদায় করতে পারে। মহিলাদের উঠানামার জন্য আলাদা দরজা ও সিঁড়ি ব্যবস্থা করা। বিষয়টি বিস্তারিত আলোচনা শেষে নারী মুসল্লিদের উপস্থিতির উপর নির্ভর করে ব্যবস্থা নেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অস্থায়ীভাবে ২ সপ্তাহ পর্যবেক্ষন করা হবে। আশাব্যঞ্জক না হলে বর্তমান সিস্টেম চলমান থাকবে।**

**<u>পয়েন্ট - ৭। লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ), বাড়ী # ৪৮৯, রোড # ০৮, বারিধারা ডিওএইচএস</u>**

বিষয় ঃ **<u>পরিষদ সিকিউরিটি ব্যারাক-এ ধারন ক্ষমতার অধিক সংখ্যক ব্যক্তির বসবাস প্রসংগে ঃ</u>**

সিকিউরিটি ব্যারাকে ধারন ক্ষমতার অধিক ব্যক্তিগণের বসবাসের কারনে পরিবেশ খুবই অস্বাস্থ্যকর। বসকারীদের শরীরের ঘাম এর দুগন্ধে পরিবেশ অসহনীয় হয়ে দাঁড়ায়। অতি ছোট ডাইনিং রুম হওয়ায় বসবাসকারীগণ খাবার প্লেট নিয়ে নিজ নিজ বিছানায় এসে খায়। বিষয়টির উপর গুরুত্ব প্রদান করে আশু প্রতিকারের আশা করি।

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

পরিষদ বিষয়োক্ত ব্যাপারে অবগত রয়েছে। সীমাবদ্ধতার কারণে অচিরেই এ সমস্যার সমাধান সম্ভব নয়। তবে বাসস্থান বৃদ্ধির জন্য অগ্রাধিকারের ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে।

**<u>সিদ্ধান্ত ঃ</u> পরিষদে ফান্ড পজিশন যথাযথ হলে মালী/ক্লিনারদের ঘরটি পুনঃ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।**

**<u>পয়েন্ট - ৮। মোহাম্মদ ইফতেখার খালেদ, বাড়ী # ৪০০ (ফ্ল্যাট- ২ বি), রোড # ০৬, বারিধারা ডিওএইচএস</u>**

ক. অডিট এর টিম মেম্বারদের ফর্মেশন হতে হবে ৪০% মেম্বার সদ্য নির্বাচনে পরাজিত দল (বা তাদের মনোনীত) থেকে আর ৬০% প্রফেশনাল (ডি. ও. এইচ. এস. এ বসবাসকরী প্রফেশনাল অডিটরগণ প্রাধান্য পাবে, তবে তাদের কে অবশ্যই সর্বজনে গ্রহণযোগ্য হতে হবে) অডিটরদের নিয়ে।

খ. নিরাপত্তা প্রহরীদের ইউনিফর্ম পরিহিত অবস্থায় সর্বদা নেমপ্লেট বহন করা বাধ্যতামূলক করতে হবে। প্রধান দুই গেটে অন্তত ২ জন ৩/4 বছরের পুরানো নিরাপত্তা প্রহরীদের অধীনে নতুন প্রহরীদের নিয়োজিত করতে হবে।

গ. ললিতকলা একাডেমি ডি. ও. এইচ. এস. এর একটি অলংকার ও অহংকার। এটি পরিচালনার ব্যয়ভার কেমন ও পরিষদ

কেন তা চালাতে পারছে না তার পরিপূর্ন ব্যাখ্যা প্রদান করতে হবে।

ঘ. ডি. ও. এইচ. এস.-এর ভেতরে একাধিক কিশোর গ্যাং-এর বিচরণ ও মাদক ব্যবসা পরিলক্ষিত হচ্ছে, যা বেশ উদ্বেকজনক। এদের সাথে আমাদের পরিষদের নিরাপত্তা প্রহরীদের বেশ ঘনিষ্ট সম্পর্ক আছে বলে শোনা যায়। এ ব্যাপারে পরিষদের অবস্থান পরিষ্কার করতে হবে।

ঙ. আমাদের ডি. ও. এইচ. এস. -এর যে সকল সদস্যগণ দুই বা এর অধিকবার নির্বাচন করে বিজয়ী হয়েছেন, তাদের

আর ভবিষ্যতে নির্বাচনের জন্য মনোনীত হতে পারবে না, এই মর্মে নীতিমালা তৈরী করতে হবে।

চ. পরিষদ ভবনের গ্রাউন্ড ফ্লোরের পার্কিং প্রতিটি মেম্বারের জন্য উন্মুক্ত রাখতে হবে, ই. সি. মেম্বারদের জন্য কোন নির্ধারিত পার্কিং রাখা যাবে না। অনন্যা মার্কেট থেকে চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উভয়পার্শ্বে যানজট সৃষ্টকারী পার্কিং বন্ধ করতে হবে।

ছ. যানবাহনকে আর্থিক জরিমানা ও কাভার্ড ভ্যান থেকে প্রতিবার ১০০ টাকা করে নেবার প্রথা কোন আইনের আওতায় করা হচ্ছে তা স্বচ্ছভাবে উপস্থাপন করতে হবে।

জ. বারিধারা স্কলার্স স্কুলে ডিওএইচএস-এ বসবাসরত বেসামরিক ফ্ল্যাট ও প্লট মালিকদের সন্তান ও নাতি-নাতনিদের জন্য ডিস্কাউন্টেড টিউশন ফি'র ব্যবস্থা করা যায় কিনা, স্কুল ও প্রয়োজনীয় অথোরিটির সাথে আলোচনা করা।

<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>

ক। পরিষদের সংবিধান অনুযায়ী অডিট টিম নিয়োগ করা হচ্ছে এবং তা বহাল থাকবে।

খ। ডিওএইচএস এর নিরাপত্তা নীতিমালা অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা চলবে।

গ। সর্বশেষ ললিতকলা একাডেমীতে ৬৮ জন ছাত্র/ছাত্রী ছিল যার মধ্যে ডিওএইচএস এর মাত্র ১২ জন ও অবশিষ্ট ৫৬ জন বাহিরাগত। পরিষদ কর্তৃক পরিচালিত ললিতকলা একাডেমীর কার্যক্রম চলমান রাখতে প্রতিমাসে পরিষদ ফান্ড হতে প্রচুর টাকা ভতুর্কি দিতে হয় এবং ইতোমধ্যে ৯ লক্ষ টাকা উক্ত খাতে ঘাটতি রয়েছে। ললিতকলা একাডেমীর ছাত্র/ছাত্রীদের মধ্যে খুবই স্বল্প সংখ্যক ডিওএইচএস এর বাসিন্দা। অধিক সংখ্যক বাইরের ছেলেমেয়েদের জন্য নৈমত্তিকভাবে পরিষদের ফান্ড উজাড় করা অযৌক্তিক ও নির্বাহী কমিটি এ ধরণের অর্থ অপচয় সমর্থন করে না। বারিধারা ডিওএইচএস এর উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী নাচ, গান ও আর্ট শিখতে আগ্রহী হলে ললিতকলা একাডেমী পুনরায় চালু করা হবে।

ঘ। শোনা যায় শব্দটি কোন Authentic না। এ ব্যাপারে কোন অভিযোগ (প্রমানসহ) থাকলে সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটির নিকট উপস্থাপন করা যেতে পারে। জড়িতরা চিহ্নিত হলে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করা হয়।

ঙ। পরিষদের সংবিধান অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হয়। বিষয়টি নির্ধারণের জন্য সেনাসদর একটি বোর্ড গঠন করার সিদ্ধান্ত নিয়েছে।

চ। নির্বাহী কমিটি এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

ছ। সেনাসদরের সিদ্ধান্ত অনুযায়ী রাস্তার উপর অবৈধ পার্কিং এর জন্য জরিমানা করা হয় এবং কাভার্ড ভ্যান ও পিকআপ গাড়ী প্রবেশের জন্য ফি নেয়া হচ্ছে যা বিগত কমিটি হতে চলমান।

জ। স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে। স্কুলটি পরিষদের আওতা বহির্ভূত সেনাসদর পরিচালিত একটি প্রতিষ্ঠান। আর্থিকভাবে সচ্ছল অভিভাবকরাই তাদের ছেলেমেয়ে ও নাতি/নাতনিদের এখানে পড়িয়ে থাকেন।

**<u>সিদ্ধান্ত ঃ</u> General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করেন। ৩নং পয়েন্ট ও মতামতের ব্যাপারে জনাব আব্দুর রহিম আজাদ (বিজয় আজাদ), বাড়ী # ৪৭১, রোড # ০৮ প্রস্তাব করেন যে, ললিতকলা একাডেমী পুনরায় চালু করা হোক। প্রয়োজনে বহিরাগতদের জন্য ফি বেশী নির্ধারণ করা যেতে পারে। ৮নং পয়েন্ট এর ব্যাপারে বিএসআইএসসি এর গভর্নিং বডির মেম্বার কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) অবহিত করেন যে, গভর্নিং বডির পরবর্তী সভায় প্রিন্সিপাল এর সাথে আলোচনা করে সম্ভব হলে ব্যবস্থা নেয়া হবে।**

**<u>পয়েন্ট -৯। Md. Sayedul Islam Khan, Ex Commander MES (CMES), House # 332, Road # 05 Baridhara DOHS</u>**

1. 10-15 Year Master Plan for comprehensive Re-Arrangement of the Sports Ground: Sports show a crucial role in promoting physical fitness, mental well-being, and healthy recreation. The existing sports ground was developed without systematic planning, which has limitation of its effective utilization and future potential. In view of this, it is proposed to prepare a comprehensive "10-15-year Master Plan" for the complete rearrangement and development of the sports ground. This was already proposed by young generation to the President in the final Ceremony of last month "Football Tournament".

2. Conversion of Football Ground to Artificial Turf:

The current football ground is not suitable for proper game due to inadequate field width, despite having sufficient length. Converting it to a synthetic/artificial turf will significantly improve safety, playability and overall usability of the ground. Measurement of Present Ground: Length: 224' ft Width - 80' ft.

3. Interchange of the Basketball Ground with the Football Ground: The current basketball ground has a rectangular shape that meets the basic requirement for a standard football and Cricket field. However, its space is not being fully utilized with dimensions of 100' 55' feet, whereas the dimension of this ground is 170'x110' (Playable space), This measurement is very much appropriate for Football as well as Cricket ground. The basketball ground can be easily accommodated within the existing football ground, making better use of available space without any negative impact on basketball players. At the same time, this change will provide significant advantages for both football and cricket.

4. Proposal to Build a Badminton Indoor Court: Indoor badminton facilities are rapidly increasing nationwide, contributing to Bangladesh's strong performance in International Badminton. As sufficient space is available, it is proposed to build a "Badminton Indoor Court".

5. Proposal for General Swimming Pool and Re-location of Fitness Center: We know that Swimming Pool for Children and expansion of existing Fitness Centre for Ladies are in under consideration of the Porishod. As far as we know it is being considered on the west of the Fitness Center but there is not enough space for a standard Swimming Pool. If we want to make a "Swimming Pool", it should be used by all categories of people not only for Children, we can accommodate it easily if we make a Master Plan for whole ground. It can be accommodated at Existing Football Ground along with Relocation Fitness Center under a "Master Plan". We kindly request that a long-term "Master Plan" for the complete Sports Ground be formulated before initiating any construction further. Thereafter, phase-wise development and expansion can be undertaken in accordance with the "Master Plan".

06. Donation for Baridhara DOHS Sporting Club: Baridhara DOHS Sporting Club is being established, and its registration is currently in progress. To support participation in various national sports events, a monthly donation of Tk. 100 (One Hundred) per flat is requested.

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

১। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে।

২। পর্যাপ্ত তহবিল/অর্থ প্রাপ্তি সাপেক্ষে আর্টিফিসিয়াল টার্ফ লাগানো যেতে পারে।

৩। এটা করতে হলে পর্যাপ্ত ফান্ড পজিশন দরকার যেটা আমাদের নেই। তাছাড়া পশ্চিম অংশে ফুটবল মাঠ বানানো হলে ফিটনেস সেন্টার ও সুইমিং পুল নিরাপদ থাকবেনা।

৪। Space is not available.

৫। গত ১২/১৩ বছর চেষ্টার পরেও ফিটনেস সেন্টার ও চিলড্রেন সুইমিং পুল মাস্টার প্লানে অর্ন্তভূক্ত করা যায়নি। নূতন কোন প্রস্তাব গুরুত্ব পাবেনা।

৬। সম্মানিত বাসিন্দাদের নিকট হতে বর্তমানে মাসিক খেলাধুলা ও হেলথ এন্ড হাইজিন খাতে ১০০/- করে সাবস্‌ক্রিপশন নেয়া হচ্ছে।

**সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস এ খেলাধুলার জন্য যে মাঠ রয়েছে তা যথেষ্ট নয়। তাই পুরো খেলাধুলার সুবিধা যাতে সুন্দরভাবে গ্রহণ করতে পারে এবং অত্র এলাকার ছেলে মেয়েরা যাতে ভালো খেলোয়াড় হিসেবে গড়ে উঠতে পারে, খারাপ কর্মকান্ড ও অভ্যাস থেকে পরিত্রান পেতে পারে এবং জাতীয় দলসহ বিভিন্ন ক্লাবে খেলার সুযোগ তৈরী হয় সেলক্ষ্যে সকল খেলাধুলার জন্য একটি স্পোর্টস কমপ্লেক্স তৈরীর নকশা মরহুম মেজর লিয়াকত আলী খান, বাড়ী নং ২৯৩, রোড নং ০৪ এর পুত্র অনিন্দ প্রজেক্টরের মাধ্যমে সকলের নিকট উপস্থাপন করেন। সভায় অবহিত করা হয় যে, উপস্থাপিত পরিকল্পনা অনুযায়ী এটি করা হলে সকল খেলাধুলা উক্ত কমপ্লেক্স এর মধ্যেই করতে পারবে। এতে বাৎসরিক যে আয় হবে তা দিয়ে বিল্ডিংয়ের খরচ সংকুলান করা সম্ভব বলে মনে করেন। একবারে সম্ভব না হলে ২/৩ পর্বে স্পোর্টস কমপ্লেক্সটি নির্মাণ করা যেতে পারে। অত্র এলাকার ছেলেমেয়েদের উত্থাপিত পরিকল্পনা ও উদ্যোগকে উপস্থিত সকলে সাধুবাদ জানান। বিস্তারিত আলোচনা শেষে এটি অনুমোদনের জন্য এবং মাস্টার প্ল্যানে অন্তর্ভূক্ত করার জন্য সেনাসদরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। General Body একটি কমিটি গঠনের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মতামত পোষণ করেন। গ্রহণযোগ্যতা/চাহিদার ভিত্তিতে পরবর্তী এজিএম, জিএম ও ইজিএম এর মাধ্যমে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং স্পোর্টস এন্ড কালচারাল কমিটির কনভেনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**পয়েন্ট -১০। লেঃ কর্নেল মোঃ আবদুল খালেক, পিএসসি (অবঃ), বাড়ী # ৩০৪, রোড নং-০৪**

১। **শব্দ দূষণ রোধ করণ ঃ** শব্দ দূষণ জীব বৈচিত্র্যের জন্য ক্ষতিকর। আমার জানা মতে আবাসিক এলাকায় শব্দ দূষণ কেবলমাত্র নিষিদ্ধ নয়, ইহা দন্ডনীয় অপরাধও বটে। কিন্তু বিভিন্ন উপলক্ষে ডিওএইচএস এর অভ্যন্তরে গভীর রাত পর্যন্ত আতশবাজি, পটকা ফোটানোর মত ঘটনা ঘটে আসছে। এর কারণে আমার মত বয়স্ক লোক, শিশু ও অসুস্থ ব্যক্তিদের অপূরণীয় ক্ষতি হচ্ছে। ডিওএইচএস নির্বাহী কমিটির মাধ্যমে আমি সকল পুরুষ ও মহিলা অভিভাবকদের কাছে অনুরোধ জানাচ্ছি তারা যেন যেসব শিশু বা ব্যক্তিরা ক্ষতিকর শব্দ দূষণ কার্য সংঘটিত করে তাদের যেন এহেন ক্ষতিকর কার্য থেকে বিরত রাখেন। ডিওএইচএস কমিটিকে অনুরোধ করছি এহেন ক্ষতিকর শব্দ দূষণ কার্য বন্ধ করার জন্য ডিওএইচএস কমিটি যেন যথাযোগ্য পদক্ষেপ গ্রহন করেন।

২। আমার বাসা বাড়ী নং-৩০৪, লেন নং-৪, এর পূবাংশে বাসায় অবস্থান কালে পাঁচ ওয়াক্ত নামাজের আযান শুনতে পাই না। বাসায় অবস্থান কালে যাতে পাঁচ ওয়াক্ত নামাজের আযান স্পষ্টত শুনতে পাই সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

**পরিষদের মতামত/মন্তব্য ঃ**

১। বিশেষ occasion এ নিষেধাজ্ঞা সত্বেও ২/১ জন আতশবাজি ফুটানোর চেষ্টা করে থাকে যা সঙ্গে সঙ্গে বন্ধ করার ব্যবস্থা নেয়া হয়। আতশবাজির শব্দ ডিওএইচএস এর আশে পাশের এলাকা থেকেও আসে যার উপরে পরিষদের নিয়ন্ত্রন নেই।

২। এ ব্যাপারে অবশ্যই কার্যকরী ব্যবস্থা নেয়া হবে।

**সিদ্ধান্ত ঃ General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করেন।**

## পয়েন্ট -১১। আফরোজা রহমান, বাড়ী # ২০২, রোড # ০২, সুফিয়া আব্দুল্লাহ্‌, বাড়ী # ২১১, রোড # ০২, কানিজ ফাতেমা, বাড়ী # ৫২০, রোড # ১০, বারিধারা ডিওএইচএস

ক। পরিষদের পদ অনুসারে সকলের স্ত্রীদের লেডিস ক্লাবের সদস্য হতে হবে।

খ। প্রাক্তন প্রেসিডেন্টদের স্ত্রী চীফ-পেট্রোনদের লেডিস ক্লাবের প্রয়োজনীয় সকল মিটিং এ অবশ্যই উপস্থিত থাকতে হবে।

গ। পরিষদের নির্বাচিত নারী প্রার্থীদের মধ্যে নির্বাচণের মাধ্যমে লেডিস ক্লাবের কনভেনার মনোনীত হতে হবে।

ঘ। একই ব্যক্তি এক পদে ২ (দুই) বারের বেশী নির্বাচণ করতে পারবে না।

ঙ। লেডিস ক্লাবের সদস্য সংখ্যা ভবিষ্যতে বৃদ্ধি পাবে এবং সেই অনুযায়ী কক্ষের আয়তন ছোট এবং বসার ব্যবস্থাপনাও অসুবিধাজনক, আরামদায়ক নহে।

চ। ক্লাবের নেই কোন বাৎসরিক ক্যালেন্ডার, যা সদস্যদের মাঝে উপস্থাপন করা হয় না।

ছ। লেডিস ক্লাবের কোন সুনির্দিষ্ট নীতিমালা নেই।

জ। লেডিস ক্লাবের হিসাব বিভাগে বর্তমানে হিসাবের কোন অডিট হয় না।

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

ক। লেডিস ক্লাবের সদস্যা হওয়া তাঁর ব্যক্তিগত ব্যাপারে। সদস্যা হওয়ার কোন বাধ্যবাধকতা নাই।

খ। লেডিস ক্লাব এর নীতিমালা অনুযায়ী সম্ভব নয়। প্রচেষ্টা নেয়া হবে।

গ। বর্তমান পদ্ধতি বহাল থাকবে।

ঘ। পরিষদের মেয়াদের সাথে সঙ্গতি রেখে স্থিতিকাল নির্ধারিত হয়ে থাকে। পরিষদের নীতিমালা অনুমোদন হলে সে অনুযায়ী লেডিস ক্লাব পলিসি করা হবে।

ঙ। পরিষদের আর কোন স্থান নাই। তবে সৌন্দর্য্য বর্ধনের মাধ্যমে বর্তমান রুমটি আরও আর্কষনীয় করা যেতে পারে।

চ। পরিষদ নির্বাহী কমিটি ব্যবস্থা গ্রহন করবে।

ছ। লেডিস ক্লাবের নীতিমালা আছে। তবে এটা আরও যুগপোযোগী করা যেতে পারে। জ।
এ ব্যাপারে পরিষদ নির্বাহী কমিটি ব্যবস্থা গ্রহন করবে।

**<u>সিদ্ধান্ত ঃ</u> General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করেন।**

## <u>পয়েন্ট -১২। Lt Col M M Kaiser Rashid (Retd), House # 342, Lane # 5</u>

1. Case with AB Bank for a booth to deposit BRTA money.
2. Details of undesirable tenants to be provided to all DOHS so that they are banned from hiring any accommodation.
3. A Billiard table.
4. Rooftop restaurant on Convention Center for residents only.
5. A Massage center and Sauna.
6. Voting rights in DOHS for couples who have given their flats to their children.

**<u>পরিষদের মতামত/মন্তব্য ঃ</u>**

১। এবি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের সাথে যোগাযোগের পর ডিপোজিট মেশিনটি এখন functional আছে।

২। আমরা জানতে পারলে অন্য ডিওএইচএসকে অবহিত করা হবে। বাড়ীওয়ালাদেরও এ ব্যাপারে দায়বদ্ধতা রয়েছে।

৩। স্থানের অভাব ও বিলিয়ার্ড খেলা ব্যয়বহুল তাই পরিষদের পরিকল্পনা নেই।

৪। কনভেনশন সেন্টারের ছাদে কোন ঠিকাদার রেস্টুরেন্ট করতে আগ্রহ প্রকাশ করেনা। এটি লাভজনক হবেনা মর্মে প্রতীয়মান।

৫। আলোচনা হতে পারে।

৬। এ ব্যাপারে প্রস্তাবনা সেনাসদরে প্রেরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ General Body পরিষদের মতামতের সাথে একমত পোষন করেন।**

**আলোচ্যসূচি - ১০ : To transact Any Other Business With the Permission of the President**

**ক। কমডোর মোহাম্মদ আজিজুর রহমান, বিএন (অবঃ), বাড়ী # ৫৩৯, রোড # ১১**

**পয়েন্ট - ০১ ঃ তালিকাভূক্ত কোম্পানীর মাধ্যমে ক্রয় সম্পন্ন করণ ঃ** বিভিন্ন মালামাল/সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে কয়েকটি কোম্পানী/প্রতিষ্ঠানকে তালিকাভূক্ত করার প্রস্তাব করেন। উক্ত কোম্পানী/প্রতিষ্ঠান থেকে পরিষদের বিভিন্ন মালামাল/সামগ্রী ক্রয় করা হবে। প্রতি বছর পরিবর্তন হতে পারে এবং অন্য কোম্পানীকে তালিকাভূক্ত করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ বিষয়টি বিবেচনায় নেয়া হলো। ইসি কর্তৃক এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে।**

**খ। ব্রিগেঃ জেনাঃ মোঃ জিল্লুর রহমান (অবঃ), বাড়ী # ১৮৫, রোড # ০২ এবং কমডোর মোহাম্মদ আজিজুর রহমান, বিএন (অবঃ), বাড়ী # ৫৩৯, রোড # ১১**

**পয়েন্ট - ০২ ঃ ফিটনেস সেন্টার ও মেডিকেল সেন্টারের আলাদা হেড করণ ঃ** ফিটনেস সেন্টার ও মেডিকেল সেন্টারের জন্য আলাদা হেড করার প্রস্তাব করেন যাতে অন্যান্য খাতের খরচের ন্যায় ফিটনেস সেন্টার ও মেডিকেল সেন্টারের খরচগুলি ঐ খাত থেকে বহন করা হয়।

**সিদ্ধান্ত ঃ ভবিষ্যতে বিষয়টি বিবেচনায় নেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।**

গ। **গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ হুমায়ুন কবির (অবঃ), বাড়ী # ৩২৫, রোড # ০৫**

**পয়েন্ট - ০৩ ঃ ঠিকাদার কর্তৃক মাছের দাম বেশি নেয়া ও মাছের গুনগত মান ভাল না হওয়া প্রসঙ্গে ঃ** গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ হুমায়ুন কবির (অবঃ) সহ উপস্থিত কয়েকজন অভিযোগ করেন যে, বারিধারা ডিওএইচএস পুকুরের ঠিকাদার বাহিরের তুলনায় মাছের দাম অনেক বেশী নিচ্ছে এবং মাছের আকার বা গুনগত মানও ভাল না। এ ব্যাপারে বাসিন্দাদের সুবিধার বিষয়টি সুবিবেচনা করার আবেদন জানান।

**সিদ্ধান্ত ঃ এ ব্যাপারে পরিষদ হতে ঠিকাদারকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।**

**ঘ। মাহমুদুল হক আজাদ, বাড়ী # ৪৪৮, রোড # ০৭**

**পয়েন্ট - ০৪ ঃ** রাত্রে ০৭ নং রোডে একটি স্পোর্টস কার বিকট শব্দ করে আসা প্রসঙ্গে।

**সিদ্ধান্ত ঃ** উক্ত স্পোর্টস কারটি চিহ্নিত করে ব্যবস্থা নেয়া হবে। সকলকে টহলের মোবাইল নম্বর রাখার জন্য অনুরোধ করা হয়। উক্ত গাড়ী প্রবেশের সঙ্গে সঙ্গে টহলকে ফোন করলে ব্যবস্থা নেয়া হবে। প্রয়োজনে প্রেসিডেন্ট, মেম্বার সিকিউরিটি অথবা মেম্বার এ্যাডমিনকে ফোন করার জন্য অনুরোধ করা হয়।

**ঙ। শাহরিয়ার তারিক মুনিম বিন মঞ্জুর, বাড়ী # ৪৫০, রোড # ০৮**

**পয়েন্ট - ০৫ ঃ** বারিধারা গেট ও স্কুল গেটে রিক্সা চালকগন জনসম্মুখে প্রসাব করে যা দৃষ্টিকটু ও পরিবেশ দূষিত করছে। তাদের জন্য একটি টয়লেট নির্মাণ করা।

**সিদ্ধান্ত ঃ পকেট গেট সংলগ্ন নির্মিত টয়লেটটি রিক্সা চালকদের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। এটি পরিষদ কর্তৃক রক্ষণাবেক্ষন করা হবে।**

**পয়েন্ট - ০৬ ঃ** ছোট আকারের মালামাল বহনকারী গাড়ী যা পিকআপ না কিন্তু পিকআপ হিসেবে স্টিকারের মূল্য ধার্য্য করা হয়। পিকআপ হিসেবে স্টিকারের মূল্য ধার্য্য না করে সাধারণ/স্বাভাবিক চার্জ করা প্রসঙ্গে।

**সিদ্ধান্ত ঃ পর্যবেক্ষণ পূর্বক যথাযথ ব্যবস্থা নেয়া হবে।**

*** সভায় শেষ পর্যায়ে পরিষদ নির্বাহী কমিটির সদস্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জিঃ, সিএমসি (অবঃ) বারিধারা ডিওএইচএস আজকের অনুষ্ঠিত এজিএম সভা সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় পরিষদ সভাপতি এবং ইসি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ করে ট্রেজারের কার্যক্রমের ভুয়সী প্রশংসা করেন ও ধন্যবাদ জানান। স্পোর্টস কমপ্লেক্স তৈরী করার পরিকল্পনাকে স্বাগত জানান এবং একটি ভাল প্রেজেন্টেশন দেয়ায় উদ্যোক্তাদের প্রশংসা করেন ও ধন্যবাদ জানান। ভাল ও প্রশংসনীয় কাজের জন্য পরিষদ হতে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভার আলোচ্য বিষয়সমূহ শেষ হতে অনেক সময় প্রয়োজন হয় বিধায় আগামী এজিএম এ সদস্যদের হতে প্রাপ্ত পয়েন্ট সমূহ পুরের খাবারের আগে আলোচনা করার জন্য অনুরোধ করেন যাতে পয়েন্ট প্রেরণকারীদের উপস্থিতিতে আলোচনা করা যায়।**

<u>আলোচ্যসূচি - ১১ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী ভাষণ</u>

সভায় উপস্থিত সকল সদস্য কর্তৃক সভার কার্যক্রম পরিচালনায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা, গঠনমূলক আলোচনা, মূল্যবান মতামত প্রদান, সিদ্ধান্ত গ্রহণে ইতিবাচক পরামর্শ ও সহযোগিতা করার জন্য উপস্থিত সম্মানিত সদস্যগনকে পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) আন্তরিক ধন্যবাদ জানান ও নির্বাহী কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেনাসদর তাদের প্রতিনিধি প্রেরণ করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য তিনি আন্তরিক ধন্যবাদ জানান। এজিএম অনুষ্ঠানটি সুষ্ঠু, উপভোগ্য ও শান্তিপূর্ণভাবে শেষ হওয়ায় নির্বাহী কমিটির সকল সদস্য এবং পরিষদের স্টাফদের কঠোর পরিশ্রমের বিষয়টি উল্লেখ করেন এবং সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। অবশেষে তিনি বার্ষিক সাধারণ সভা বিকাল ৫টা ৫৫ মিনিটে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
২৬ ফেব্রুয়ারি ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
২৬ ফেব্রুয়ারি ২০২৬

**কার্যক্রম ঃ**
বারিধারা ডিওএইচএস এর সম্মানিত বাসিন্দাগন